শিক্ষার দ্বারোন্মোচন

শিক্ষা হলো পারিবারিক বিষয়



NEW VISIONS
FOR PUBLIC SCHOOLS

A publication of New Visions for Public Schools

এ প্রকাশনা সম্ভব হয়েছে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং
র‍্যান্ডম হাউসের উদার সহায়তার কল্যাণে

RANDOM HOUSE
BERTELSMANN

নিউ ইয়র্ক সিটি
ডিপার্টমেন্ট অব
এডুকেশন

প্রিয় পিতা-মাতা ও পারিবারিক অভিভাবক:

আমরা একটি বিশাল চ্যালেঞ্জের মুখোমুখি। বর্তমানকালের জ্ঞাননির্ভর বিশ্ব অর্থ-ব্যবস্থায় সফল হতে হলে লেখাপড়ায় আমাদের ছেলেমেয়েদের খুব ভাল দক্ষতা থাকা প্রয়োজন। বিশ্লেষণী চিন্তায় সক্ষম এবং তীক্ষ্ম বুদ্ধি-সম্পন্ন তথ্য ব্যবহারকারী হিশেবে পরিণত হওয়ার জন্য তাদের মৌলিক পাঠ, লেখা, বলা ও শ্রবণ করার দক্ষতা অর্জন করতে হবে।

আমাদের ছেলেমেয়েদের বহু ধরনের পাঠ্যবিষয় অনুধাবন করতে এবং সহজবোধ্য ও বিশ্বাসযোগ্য ভাবে লিখতে জানতে হবে। সিদ্ধান্ত গ্রহণ করার ও নতুন জ্ঞান সৃষ্টির জন্য তাদেরকে তথ্য খুঁজে বের করতে ও ব্যবহার করতে জানতে হবে। জটিল বিষয় সম্পর্কে তাদেরকে সমালোচনার দৃষ্টি নিয়ে চিন্তা করতে হবে। এগুলি হচ্ছে শিক্ষার দক্ষতা যা আমাদের শিশুদেরকে বিশ্বকে আবিষ্কার করার ও বিশ্বের সাথে মিথষ্ক্রিয়া করার, প্রশ্ন করার ও উত্তর অনুসন্ধান করার এবং স্বনির্ভর হওয়ার সক্ষমতা প্রদান করবে। শিক্ষা তাদের জ্ঞানার্জন ও তাদের ভবিষ্যতের দ্বার উন্মোচন করবে।

শিশুরা শুধু স্কুলেই শিক্ষা লাভ করে না; তারা শিক্ষা লাভ করে সাবওয়েের সাইন ও খাদ্যদ্রব্যের বাক্স পড়া থেকে শুরু করে, বাড়ির ভাষায় পারিবারিক গল্প শোনা, ও ইন্টারনেট ব্যবহার করা পর্যন্ত সর্বত্রই। আপনি আপনার শিশুর শিক্ষায় অসামান্য প্রভাব রাখতে পারেন। এই নির্দেশিকাটি তৈরি করা হয়েছে শিক্ষাকে একটা পারিবারিক বিষয়ে পরিণত করার জন্য, যাতে আপনি আপনার সন্তানের কথা বলার দিন থেকে শুরু করে হাই স্কুল থেকে পাশ করে বের হওয়ার দিন পর্যন্ত তার জ্ঞান-দক্ষতা অর্জনে সাহায্য করতে পারেন।

গবেষণা থেকে দেখা যায় যে, স্কুলে প্রবেশের সময় শিশুদের লেখাপড়ার প্রস্তুতির উপর তাদের মাতাপিতা ও অভিভাবকদের প্রভূত প্রভাব রয়েছে। পড়া, লেখা, বলা ও শোনা প্রতি বছর অব্যাহতভাবে বাড়তে ও পরিবর্তিত হতে থাকে। শিশুরা প্রাথমিক, মাধ্যমিক, এবং হাই স্কুলের মাধ্যমে বিকশিত হওয়ার ক্ষেত্রে পরিবারের ইতিবাচক প্রভাবের গুরুত্ব অব্যাহত থাকে। এই নির্দেশিকাটি আপনার সন্তানের বিকাশের ক্ষেত্রে আপনি কি আশা করতে পারেন এবং তার শ্রেণিকক্ষে আপনি কি থাকা দরকার বলে আপনি আশা করতে পারেন তা বুঝতে আপনাকে সাহায্য করবে। এই কাজে আপনার সন্তানকে সাহায্য করার জন্য এটি আপনাকে অনেক ধারণা দিবে।

আমাদের সন্তানদের ভবিষ্যত এই সকল গুরুত্বপূর্ণ দক্ষতার উপর নির্ভরশীল। অনুগ্রহ করে আমাদের সন্তানদের সফল হতে সাহায্য করার জন্য আমাদের সাথে যোগ দিন।

চ্যান্সেলর জোয়েল আই. ক্লাইন

শিক্ষা

হচ্ছে সেই চাবিকাঠি যা আমাদের ছেলেমেয়েদের ভবিষ্যত উন্মোচন করে।

শিক্ষার বলিষ্ঠ দক্ষতা নিয়ে আমাদের তরুণ সদস্যরা স্কুলে সফল হওয়া, নিজস্ব আগ্রহ সৃষ্টি, কলেজ পাশ করা এবং ভাল চাকরি লাভের জন্য প্রস্তুত হবে।

এই **পারিবারিক শিক্ষা নির্দেশিকাটি** জন্ম থেকে ১২ গ্রেড পর্যন্ত শিশুদের জীবনে শিক্ষার ভিত্তিকে শক্তিশালী করতে পিতামাতা ও অভিভাবকদেরকে সহায়তা করার জন্য একদল শিক্ষাবিদ ও গ্রন্থাগারিক তৈরি করেছেন।

এই নির্দেশিকায় আপনি পাবেন:

- কিভাবে শিশুরা পড়তে দক্ষতা অর্জন করে
- আপনার শিশু স্কুলে কি অভিজ্ঞতা অর্জন করবে
- ভাষার ফলপ্রসূ ব্যবহার শিক্ষা দিতে সাহায্য করতে আপনি বাড়িতে কি করতে পারেন

প্রতিটি গ্রেডের জন্য উপযুক্ত বইয়ের সংক্ষিপ্ত তালিকা আমরা সংযুক্ত করেছি, যেটি নিউ ইয়র্ক সিটির লাইব্রেরী ও স্কুলে কিরকম চমৎকার মনোহারি বই পাওয়া যায় সে সম্পর্কে একটি চিত্র তুলে ধরার জন্য শিক্ষক-শিক্ষিকা ও গ্রন্থাগারিকগণ প্রণয়ন করেছেন। আশা করি, এই বইগুলো আপনার পারিবারিক শিক্ষা কর্মসূচিতে দীর্ঘ আনন্দঘন পরিবেশ তৈরি করবে।

এই পুস্তিকাটি প্রণীত হয়েছে অংশীদারিত্ব সুদৃঢ় করার জন্য যা আমাদের সব কম বয়সী লোকদের মধ্যে শিক্ষার বলিষ্ঠ দক্ষতা তৈরি করবে। অনুগ্রহ করে এটি পড়ুন এবং ভবিষ্যতের জন্য এটিকে রেফারেন্স হিশেবে রেখে দিন।

একজন পিতা বা মাতা হিসাবে আপনার সন্তানের লেখাপড়ায় আপনার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার সন্তানের সফল জীবনের সূচনা করতে আমাদেরকে সহায়তা করার জন্য আপনাকে ধন্যবাদ!

সহযোগিতায়-
New Visions For Public Schools

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন
দি নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি
ব্রুকলিন পাবলিক লাইব্রেরি
কুইন্স পাবলিক লাইব্রেরি

সূচিপত্র

শিক্ষা কি? ২

আমি কিভাবে শিক্ষাকে আমাদের পারিবারিক জীবনের অংশে পরিণত করতে পারি? ৩

আমার সন্তানের জন্য কি কি শিক্ষায় দক্ষতা প্রয়োজন এবং আমি কিভাবে সেই দক্ষতা বিকাশে আমার সন্তানকে সাহায্য করতে পারি? ৬
- জন্ম থেকে প্রি-কিন্ডারগার্টেন
- কিন্ডারগার্টেন
- গ্রেড ১-২
- গ্রেড ৩-৫
- গ্রেড ৬-৮
- গ্রেড ৯-১২

কি ধরনের বিশেষ ইঙ্গিত আমার সন্তানের শিক্ষা অর্জনে সহায়তা করতে আমাকে সাহায্য করবে? ৩২
- "যথাযথ বই" নির্বাচন করা
- আপনার সন্তান পড়ায় সমস্যাক্রান্ত হলে কি করবেন?
- কিশোর-কিশোরীদের পড়তে আগ্রহী করা
- শিক্ষা ও প্রযুক্তি
- ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগ করা

আমাকে সহায়তা করার জন্য কি কি উপকরণ রয়েছে? ৩৮
- পারিবারিক শিক্ষার জন্য কমিউনিটি সহায়তা

শিক্ষা কি?

শিক্ষা বলতে বোঝায় শোনা, বলা, পড়া, ও লেখার মাধ্যমে সকলের সাথে মিথষ্ক্রিয়া করা, নতুন ধারণা অর্জন করা, তথ্য বিনিময় করা এবং চিন্তা ও অনুভূতি প্রকাশ করার সক্ষমতা।

শিশুরা ক্রমান্বয়ে শিক্ষার দক্ষতা অর্জন করে:

তারা এখান থেকে আরম্ভ করে . . .		এখানে পোঁছায় . . .
অবিষ্কার করা যে শব্দের অর্থ রয়েছে।	শোনা	**তারা যা শুনে তা বুঝতে পারা।**
অর্থহীন বুলি আওড়ানো ও শব্দ অনুকরণ করা।	বলা	**চিন্তা প্রকাশ করা ও অন্যের সাথে তার সায় মেলানো।**
অক্ষর ও শব্দ সনাক্ত করতে শেখা।	পড়া	**লিখিত তথ্য খুঁজতে ও বুঝতে শেখা।**
পেন্সিল ধরতে শেখা।	লেখা	**নিজের অভিব্যক্তি প্রকাশের জন্য ও কাজের প্রয়োজনে লেখা।**

যদি আপনার সন্তান

. . . নতুন তথ্য শেখার সামর্থ অর্জন করতে পারে, এবং

. . . অন্যদের সাথে ভালভাবে যোগাযোগ করার সামর্থ অর্জন করতে পারে,

তাহলে তার জীবনে বহু অর্থনৈতিক ও সামাজিক সম্ভাবনার দ্বার উন্মোচিত হবে।

কিভাবে শিক্ষার দক্ষতা বিকাশ লাভ করে?

প্রত্যেক শিশুই স্বতন্ত্র। প্রত্যেক শিশুর রয়েছে নিজস্ব মিশ্র সামর্থ ও আগ্রহ। প্রত্যেক শিশুর শিক্ষার জন্যই, কোন একটি উপায়ের চেয়ে অন্য কোন একটি উপায় ভালভাবে কাজ করে।

অন্য যে কারো চাইতে আপনি আপনার সন্তানকে ভাল করে চিনেন। আপনি আপনার সন্তানের সামর্থ ও আগ্রহ সনাক্ত করতে পারেন, এবং আপনি সেই জ্ঞান কাজে লাগিয়ে তার শিক্ষার দক্ষতা গঠনে তাকে যেমন বাড়িতে, তেমনি স্কুলে, তার শিক্ষক ও অন্যদের সাথে যৌথভাবে সাহায্য করতে পারেন।

প্রত্যেক শিশু বেড়ে উঠে তার নিজস্ব গতিতে। কেউ হয়তো তাড়াতাড়ি পড়তে শুরু করে, আবার কেউ হয়তো পড়ার আনন্দ খুঁজে পায় আরো এক বা দুই বছর পর।

আমি কিভাবে শিক্ষাকে আমাদের পারিবারিক জীবনের অংশে পরিণত করতে পারি?

আপনি কিছু সাধারণ কাজ করতে পারেন:

কথা বলুন

আপনার সন্তান যে সকল বিষয়ে আগ্রহ বোধ করে সে সকল বিষয়ে তার সাথে ।

প্রশ্ন করুন

সেসব বিষয়ে, যা আপনার ছেলে বা মেয়েকে পর্যবেক্ষণ করতে ও শিখতে উৎসাহিত করে, এমন প্রশ্ন করুন যা তাকে হ্যাঁ বা না উত্তরের বদলে বাক্য বলতে উৎসাহিত করে। কথা বলা ও শোনা থেকে পড়া ও লেখার দক্ষতা বৃদ্ধি পায়।

শুনুন

তাদের সকল প্রশ্ন এবং সাহায্য করুন তাদের উত্তর পেতে। নিজে নিজে কিভাবে তথ্য পাওয়া যায় সেটা শেখান।

কথা বলুন

আপনার সন্তানের সাথে, সব বিষয়ে । আপনি যে সব শব্দ ব্যবহার করেন সে সব শব্দ নিয়ে কথা বলুন যাতে শব্দ সম্পর্কে তার সচেতনতা এবং একটি সমৃদ্ধ শব্দভান্ডার তৈরি হয়।

সমৃদ্ধ করুন

আপনার সন্তানের পরিবেশ, তাকে নিয়ে চিড়িয়াখানা, লাইব্রেরি, যাদুঘর, খেলাধুলা বা সাংস্কৃতিক অনুষ্ঠানে গিয়ে। এসব অভিজ্ঞতা নিয়ে একসাথে কথা বলুন।

সঙ্গ দিন

আপনার সন্তানের সাথে, প্রিয় লেখকের বক্তৃতা শোনার জন্য লাইব্রেরী, বইয়ের দোকান, বই মেলা বা কমিউনিটি সেন্টারে।

পড়ে শোনান

আপনার সন্তানকে নিয়মিত! যদি আপনি আপনার নবজাত সন্তানকে দিনে মাত্র দশ মিনিট পড়ে শোনান, তাহলে স্কুলে যাবার বয়স হতে হতে তার ৩,০০০-এরও বেশী ঘন্টা গল্প শোনা হয়ে যাবে। শিশুরা পড়তে শেখার পরও যদি তাদেরকে বই পড়ে শোনানো হয়, তাহলে পড়া প্রাত্যহিক জীবনের একটা গুরুত্বপূর্ণ অংশ হিসাবে প্রতিষ্ঠিত হবে এবং তাদের শিক্ষার দক্ষতা বৃদ্ধিতে প্রভূত অবদান রাখবে।

শেখান

আপনার সন্তানকে কোন কাজ সমাধা করতে কি ভাবে ভাষা ব্যবহার করতে হয়। যেমন, তাকে খাবার তালিকা পড়তে, ধন্যবাদ পত্র লিখতে বা কোনো সমকালীন বিষয়ে তার মতামত উপস্থাপন করতে শেখান।

অংশগ্রহণ করুন

স্কুলে যখনই সন্তানের শ্রেণীকক্ষে পিতা-মাতাদের আমন্ত্রণ জানানো হয় তখন। আপনার গল্প, আপনার সাস্কৃতিক পরিচয় ও সাংস্কৃতিক সম্পদ সব শিশুদের সমৃদ্ধ করবে, এবং আপনার সন্তান দেখবে যে আপনি তার শিক্ষাকে মূল্য দিচ্ছেন।

উৎসাহিত করুন

আপনার সন্তানকে – গল্প ও সাহিত্য থেকে শুরু করে জীবনী, কবিতা, বা অন্য কোন প্রিয় বিষয়ে বিবিধ রকমের তথ্যমূলক বই পড়তে ।

খোঁজ করুন

লাইব্রেরীতে বিভিন্ন মাধ্যমে (টেপ বা সিডি, ভিডিও, ডিভিডি) বইয়ের ।

উৎসাহিত করুন

আপনার সন্তানকে তার শিক্ষার দক্ষতা ব্যবহার করে অন্যদেরকে সাহায্য করতে। যেমন, আপনার ছেলে বা মেয়ে তাদের চেয়ে কম বয়েসী বা প্রৌঢ়দের বই পড়ে শোনাতে পারে, এবং সে চিঠি, টেলিফোনের মেসেজ, ও বাজারের তালিকা লিখতে পারে।

সাহায্য করুন

আপনার সন্তানকে ভবিষ্যত পরিকল্পনা করতে দিন এবং শিক্ষা অর্জন তাকে কীভাবে তার প্রধান লক্ষ্য অর্জনে সহায়তা করে, তা তাকে বুঝতে দিন।

মনে রাখবেন, আপনি একা নন।

যদি আপনি দেখেন যে আপনার সন্তান শিক্ষার দক্ষতা অর্জনে তার সতীর্থদের চেয়ে পিছিয়ে পড়ছে, তাহলে জেনে রাখা ভালো যে আপনার সন্তানকে এগিয়ে নিতে আমাদের কমিউনিটি আপনার পাশে আছে। এই বইয়ের শেষ অধ্যায়ে আপনার জন্য বিভিন্ন উপায় সমূহের একটি তালিকা আছে। যেমন:

স্কুল ছুটি পরবতী কর্মসূচি
টিউটোরিয়াল সার্ভিস এবং
আপনার কমিউনিটি পরিচালিত লাইব্রেরি ও যুব কর্মসূচি।

আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশীদারদের একজন হলেন আপনার সন্তানের শিক্ষক-শিক্ষিকা। আপনার সন্তানের শিক্ষা তারও লক্ষ্য! শিক্ষক-শিক্ষিকার সাথে সরাসরি বা ফোনে কথা বলার জন্য একটা সময় ঠিক করতে স্কুলে ফোন করুন এবং প্রিন্সিপাল বা প্যারেন্ট কোঅর্ডিনেটরের নিকট মেসেজ রাখুন।

শিক্ষক-শিক্ষিকা আপনার জন্য এক মূল্যবান তথ্য-ভান্ডার। জিজ্ঞাসা করুন:

- আপনার সন্তান এই বছর কি শিখবে বলে তার শিক্ষক বা শিক্ষিকা আশা করেন।
- আপনার সন্তান কেমন উন্নতি করছে।
- আপনার সন্তানের মধ্যে শিক্ষক-শিক্ষিকা কি কি সামর্থ এবং আগ্রহ লক্ষ্য করেছেন।
- কোন্ ক্ষেত্রে আপনার সন্তানের আরো অনুশীলন করা দরকার।

শিক্ষক-শিক্ষিকাও আপনার কাছ থেকে কিছু তথ্য জানতে চাইতে পারেন।

- তাকে আপনার সন্তানের প্রিয় বই, সখ, ও আগ্রহের কথা বলুন।
- তাকে আপনার সন্তানের বাড়ির ভাষা ও সাংস্কৃতিক পরিচয় সম্পর্কে বলুন।
- আপনার সন্তান কোন্ কোন্ বিষয়ে সমস্যাক্রান্ত এবং বাসায় তার শিক্ষার পদ্ধতি কি, সে সম্পর্কে তার সাথে আলোচনা করুন।

আপনার সন্তানের স্কুলের অন্যান্য লোকজনও আপনার সন্তানের শিক্ষায় উন্নতি লাভের ক্ষেত্রে সাহায্য করতে আপনার সাথে আছেন:

- গ্রন্থাগারিক,
- অধ্যক্ষ,
- স্কুল ছুটি পরবর্তী কর্মসূচির নেতৃবৃন্দ, এবং
- প্যারেন্ট কোঅর্ডিনেটর।

আপনি জানেন কি. . . ?

শিশুকাল (৩ বছর বয়স পর্যন্ত) শিশুর দৈহিক, বুদ্ধিবৃত্তিক, ও মনস্তাত্ত্বিক জীবনে এককভাবে সবচেয়ে গুরুত্বপূর্ণ সময়। মস্তিষ্কের আশি শতাংশ বিকাশ ঘটে এই সময়ে।

কিন্ডারগার্টেনে উঠতে উঠতে একজন শিশু যা শিখে, তা সারাজীবনের সব শিক্ষার অর্ধেক।

জন্মের পর থেকেই শোনার মাধ্যমে শিশুরা বাড়ির ভাষা শিখে।

চার বছর বয়স থেকে শিশুরা ছড়া বানিয়ে এবং কবিতা ও অর্থহীন ছড়া শুনে আনন্দ পায়।

এই পৃথিবীর সব সংস্কৃতিতেই কচি ও বাড়ন্ত শিশুদের জন্য রয়েছে ঘুমপাড়ানি গান, ছড়া গান ও আঙুলের খেলা।

মোটামুটি ২ থেকে ৭ বছর বয়সের শিশুরা ভাবে, তারা যেভাবে পৃথিবীকে দেখে অন্য সবাইও সেভাবেই দেখে।

শিক্ষার কোন্ ক্ষেত্রে দক্ষতা আমার সন্তানের প্রয়োজন এবং আমি কিভাবে সেই দক্ষতা বিকাশে আমার সন্তানকে সাহায্য করতে পারি?

জন্ম থেকে প্রি-কিন্ডারগার্টেন

জন্মের মুহূর্ত থেকেই শিশুরা শোনে, প্রতিক্রিয়া জানায়, এবং শব্দ নিয়ে খেলা করে। তারা আধো-আধো বুলি আওড়ায়, অনুকরণ করে এবং কথা বলার চেষ্টা করে। শিক্ষার বিকাশে এটি একটি গুরুত্বপূর্ণ পর্যায়। এই সময়ে শিশুরা যত বেশি শব্দ ও গল্প শুনবে- বাসায় যে ভাষায়ই কথা বলা হোক না কেন- পরে তত সহজে ইংরেজিতে পড়তে ও লিখতে শিখবে।

ছোট শিশুরা শুনতে ভালবাসে। তারা তাদের প্রিয় বই বার বার উচ্চস্বরে পাঠ শুনতে ভালবাসে। তারা জিজ্ঞাসা করে "কেন?" যাতে আপনার কথা শুনতে পায়।

ছোট শিশুরা কথা বলতে ভালবাসে। যখন তারা আবিষ্কার করে যে শব্দের অর্থ আছে, তখন তারা খুব দ্রুত নতুন শব্দ শেখে এবং বড়দের সাথে মিথষ্ক্রিয়ায় তা ব্যবহার করতে শুরু করে।

ছোট শিশুরা পড়তে ভালবাসে। তারা বই নাড়াচাড়া করতে ভালবাসে এবং ক্রমান্বয়ে শুরু থেকে শেষ ও বাম থেকে ডানে পড়তে শেখে। প্রি-স্কুলের শিশুরা বর্ণমালা শিখতে, অক্ষর চিনতে, এবং সংশিষ্ট শব্দের সাথে তা মেলানো শুরু করতে পারে।

ছোট শিশুরা লিখতে ভালবাসে। বড়দের যা করতে দেখে তারা তাই অনুকরণ করে এবং আঁকিবুকি ও চিত্রাঙ্কনের মাধ্যমে তাদের চিন্তা প্রকাশ করতে শেখে।

আপনি বাড়িতে কি করতে পারেন?

আপনার সন্তানের সাথে কথা বলুন:

কথা বলুন প্রাত্যহিক বিষয়ে। আপনার সন্তান যে সব জিনিস দেখে সে সবের নাম বলুন।
কথা বলুন প্রতীক ও লেবেল নিয়ে শব্দ উলেখ করে ।
কথা বলুন বইয়ের ছবি নিয়ে।
কথা বলুন আপনার সন্তান টিভি বা ভিডিওতে যে সব অনুষ্ঠান দেখে সে সব নিয়ে।
গল্প বলুন আপনার পরিবার, প্রিয় স্মৃতি এবং অতীত অভিজ্ঞতা সম্পর্কে।
গান করুন।
শেখান শিশু-তোষ ছড়া।
শেখান বর্ণমালার গান।
ভাণ করার খেলা খেলুন।
আপনার সন্তান ব্যবহার করতে পারে এমন শব্দ দিয়ে আপনি যা করছেন তা বর্ণনা করুন।

আপনার সন্তানের কথা শুনুন:

প্রশ্ন করুন আপনার সন্তান যা দেখছে ও করছে তা নিয়ে।
প্রশ্ন করুন তার আঁকা-আঁাকি এবং চিত্রাঙ্কন সম্পর্কে।
আপনাকে গল্প শোনানোর জন্য তাকে উৎসাহিত করুন।
ধৈর্যের সাথে প্রশ্ন শুনুন এবং উত্তর দিন।

আপনার সন্তানকে পড়ে শোনান:

আপনার সন্তানকে প্রত্যেকদিন পড়ে শোনানোর জন্য একটি নিয়মিত সময় ও স্থান ঠিক করুন।
লাইব্রেরির বই ব্যবহার করুন। আপনার সন্তানকেও কয়েকটি বই বাছাই করতে দিন।
আপনি যে ভাষাতেই কথা বলুন না কেন, প্রিয় বইগুলি বার বার পড়ে শোনান।
একসাথে পড়ার জন্য সাময়িকী বা ক্যাটালগ থেকে ছবি কেটে বই বানান।
যদি বাড়ির ভাষা ইংরেজি না হয়, তাহলে আপনার সন্তানকে পাবলিক লাইব্রেরির কর্মসূচিতে নিয়ে যান, সেখানে গ্রন্থাগারিক আপনার সন্তানকে ইংরেজিতে পড়ে শোনাবেন।
অক্ষরের ধ্বনি শেখানোর জন্য অক্ষরের বই ব্যবহার করুন।

আপনার সন্তানকে আঁকতে ও লিখতে উৎসাহিত করুন:

ছবি আঁকার সরঞ্জাম দিন ও ছবি প্রদর্শন করুন।
আপনার সন্তানকে প্রিয় গল্প থেকে একটা কিছু আঁকতে বলুন।
আপনার সন্তানের আঁকা ছবিতে যে সব বস্তু আছে সে সবের নিচে নাম লিখুন যাতে সে চিন্তার সাথে লিখিত শব্দকে যুক্ত করতে শেখে।
আপনার সন্তানকে একটা গল্প বলতে বলুন; গল্পটা লিখে ফেলুন; এবং পড়ে শোনান।
আপনি কিভাবে লিখেন তা আপনার সন্তানকে দেখান।
উপহার দেয়ার সময় বই, রংপেন্সিল, বিশেষ ধরনের কাগজ, সাময়িকীর গ্রাহক হওয়া, অথবা এমন অন্য কোন জিনিস দেয়ার কথা চিন্তা করুন যা আপনার বাড়িকে একটি শিক্ষা-সমৃদ্ধ পরিবেশ হিসেবে গড়ে তুলবে।
আপনার সন্তান যেন দেখে যে আপনিও পড়েন ও লেখেন। আপনার পড়া ও লেখা দেখে সে বুঝতে পারবে যে এসব গুরুত্বপূর্ণ “বড়দের” দক্ষতা আমরা সবাই প্রত্যহ ব্যবহার করি।

প্রি-স্কুল বয়সী শিশুদের শিক্ষা বিকাশের জন্য ১০টি শীর্ষ স্থান

১০. রাস্তার সাইন ও সাইনবোর্ড।
৯. আপনার পাড়া।
৮. রেস্টুরেন্ট।
৭. পার্ক ও চিড়িয়াখানা।
৬. খেলার মাঠ।
৫. দোকান।
৪. লাইব্রেরি।
৩. বাস ও ট্রেন।
২. বাড়ি।
১. সর্বত্র!

উচ্চস্বরে পাঠের জন্য সুপারিশকৃত বইয়ের তালিকা: জন্ম থেকে প্রি-কিন্ডারগার্টেন

এই বয়সের শিশুরা যেরকম বই পছন্দ করে সেরকম কয়েকটি বইয়ের নাম এখানে উল্লেখ করা হল। আপনি এসব বই আপনার স্থানীয় পাবলিক লাইব্রেরীতে পাবেন। গ্রন্থাগারিককে অন্য ভাল বইয়ের নামও সুপারিশ করতে বলুন।

গ্রন্থকার	বই
Molly Bang	Ten, Nine, Eight
Byron Barton	The Little Red Hen
Margaret Wise Brown	Goodnight Moon The Runaway Bunny
Eric Carle	The Very Hungry Caterpillar The Grouchy Ladybug
Lucy Cousins	Maisy Goes Swimming
Donald Crews	Freight Train
Lois Ehlert	Growing Vegetable Soup
Rebecca Emberley	My Colors = Mis Colores
Denise Fleming	The Everything Book
Minfong Ho	Hush! A Thai Lullaby
Tana Hoban	Exactly the Opposite
Ezra Jack Keats	The Snowy Day Whistle for Willie
Robert Kraus	Whose Mouse Are You?
Ruth Krauss	Carrot Seed
Leo Lionni	Swimmy
Arnold Lobel (Illustrator)	The Arnold Lobel Book of Mother Goose
Margaret Read MacDonald	Tuck-Me-In-Tales
Bill Martin, Jr. and John Archambault	Chicka Chicka Boom Boom
Bill Martin, Jr. and Eric Carle	Brown Bear, Brown Bear, What Do You See?
Margaret Miller	Big and Little
Watty Piper	The Little Engine That Could
Beatrix Potter	The Tale of Peter Rabbit
Peggy Rathmann	Goodnight, Gorilla
Lynn Reiser	Margaret and Margarita/Margarita y Margaret
Richard Scarry	Cars and Trucks and Things That Go
Maurice Sendak	Alligators All Around
David Shannon	No, David!
Peter Sis	Ballerina Fire Truck
John Steptoe	Baby Says
Robert Louis Stevenson	A Child's Garden of Verses
Paul and Henrietta Stickland	Dinosaur Roar!
Natasha Anastasia Tarpley	I Love My Hair!
Rosemary Wells	Max's Breakfast
Mo Willems	Don't Let the Pigeon Drive the Bus!
Paul Zelinsky	The Wheels on the Bus

কিন্ডারগার্টেন

কিন্ডারগার্টেন হচ্ছে উদ্দীপনাময় আবিষ্কারের একটি বছর। শিশুরা এসময় ধ্বনি ও অক্ষর আবিষ্কারের সাথে সাথে ভাষা সম্পর্কে শেখে। তারা আনুষ্ঠানিক শিক্ষা কর্মকান্ডের অভিজ্ঞতা লাভ করতে শুরু করে, যেমন ক্লাশের সবার সাথে কোন বই পড়া, অক্ষর শেখা, এবং পঠিত বই নিয়ে শিক্ষক-শিক্ষিকার সাথে আলোচনা করা।

কিন্ডারগার্টেন শেষে কোন কোন শিশু সবেমাত্র গল্প শোনা শিখতে শুরু করে। অন্যরা হয়ত অক্ষর ও সহজ শব্দ পড়তে পারে। কিন্ডারগার্টেনগামী অধিকাংশ শিশু– সবাই নয় – বর্ণমালা – অক্ষর ও ধ্বনি শেখে – এবং তাদের নিজেদের নাম পড়তে পারে। তারা চারপাশে যেসব শব্দ দেখে তার বেশিরভাগ চিনতে পারে, যেমন "স্টপ"। বেশির ভাগ এক থেকে দশ পর্যন্ত গুণতে পারে এবং কিছু লিখিত সংখ্যা চিনতে পারে।

কিন্ডারগার্টেনের শিশুরা গল্প পড়তে ভালবাসে। যে সব গল্প তাদের মুখস্ত, সে সব প্রিয় গল্পের বই নিয়ে বসতে পছন্দ করে এবং গল্প পড়ার ভান করে। তারা এমনকি বন্ধুদের সাথে খেলার সময় গল্প থেকে অভিনয়ও করে।

আপনি জানেন কি. . . ?

একজন শিশু কত সহজে পড়তে শিখবে তার একক সর্বোৎকৃষ্ট নির্দেশক হল সে কত বড় শব্দভান্ডার নিয়ে স্কুলে প্রবেশ করছে।

ইংরেজি ভাষার সবচেয়ে বড় শব্দভান্ডার রয়েছে। বিভিন্ন ভাষা থেকে ইংরেজি ভাষা বহু শব্দ ধার করে।

স্কুলে শিশুরা হয়তো:

কথা বলা ও শোনা

ভাষার ধ্বনি শিখছে: ধ্বনি অনুশীলন করছে, ধ্বনিগুলোক একত্রিত করে শব্দ গঠন করছে এবং শব্দ ভেঙে আলাদা ধ্বনি তৈরি করছে (ধ্বনি-প্রতীক)।

ধ্বনি, অক্ষর, এবং শব্দ কিভাবে একে অন্যের সাথে যুক্ত তা শিখবে (ধ্বনি)।

একে অপরের সাথে কথা বলছে, গল্প বলছে, কোন কিছু প্রদর্শন করছে ও সেটা সম্পর্কে বর্ণনা দিচ্ছে, ছড়া তৈরি করছে, অভিনয় করছে ও তাদের কল্পনাশক্তি কাজে লাগাচ্ছে।

শান্তিপূর্ণভাবে সহপাঠীদের কথা শুনছে।

প্রশ্ন জিজ্ঞাসা করছে।

পালাক্রমে প্রত্যেককে কথা বলতে দিচ্ছে।

নির্দেশ মেনে চলছে।

পড়া

যে বইটি “পড়ছে” সেটা পড়ে আনন্দ পাবে, কারণ বইটি সহজে পড়া যায় এমন বই-ই তারা বেছে নিয়েছে।

সহপাঠীদের কাছে নিজের বাড়ির পরিবেশ, ভাষা ও ঐতিহ্য তুলে ধরছে।

শিক্ষক-শিক্ষিকা উচ্চস্বরে কিছু পাঠ করলে তা শুনছে, পুনরায় বলছে এবং সেসব সম্পর্কে কথা বলছে।

অক্ষরের ধ্বনি সম্পর্কে জানছে এবং কিভাবে অক্ষরগুলি মিশ্রিত হয়ে শব্দ তৈরি করে তা শিখছে।

উচ্চস্বরে পড়ছে।

অর্থ না জানা শব্দের জন্য বিচলিত না হয়ে তারা বিরতিহীনভাবে অনেকগুলি বই পড়ছে ও আনন্দ পাচ্ছে।

তাদের নিজেদের লেখা পুনরায় পড়ার চেষ্টা করছে।

লিখা

তারা যে সব অক্ষর ও শব্দ উচ্চারণ করতে পারে সেগুলি লিখছে।

উদ্ভাবন করা বানান (উচ্চারণ অনুসরণ করে শব্দ বানান করা) ও ছবি দিয়ে গল্প লিখতে শুরু করছে।

শিক্ষক-শিক্ষিকার দ্বারা লিখার জন্য গল্প বলছে যাতে তাদের কথা খাতায় ছাপানো দেখতে পায়।

আপনি বাড়িতে কি করতে পারেন?

কথা বলা ও শোনা

সারাদিন আপনার সন্তান কি কি করেছে, দেখেছে, এবং পড়েছে সে সম্পর্কে তার সাথে কথা বলুন।

আপনার সন্তানকে প্রশ্ন করতে, মতামত ব্যক্ত করতে এবং তথ্য জানাতে উৎসাহিত করুন।

সে সব গান করুন ও খেলা খেলুন যা শব্দের উচ্চারণ এবং লিখন পদ্ধতির মধ্যে সংযোগ স্থাপন করে।

আপনার সন্তানকে আপনার পরিবারের গল্প বলুন।

আপনার সন্তানের কথা শুনুন এবং তাকেও অন্যদের কথা শুনতে বলুন।

আপনার সন্তানকে তার পুরো নাম ও ঠিকানা শেখান।

পড়া

আপনার সন্তানকে উচ্চস্বরে পড়ে শোনান এবং একসাথে যা পড়ছেন সে সম্পর্কে কথা বলুন। সে আগে যেসব গল্প পড়েছে সেগুলোর সাথে সংযোগ তৈরি করুন।

আপনার সাথে পড়তে পারে এরকম পরিচিত বই ভাগাভাগি করুন।

আপনার সন্তানকে লেবেল, সিরিয়ালের বাক্স, দোকানের সাইন, এবং আপনার বাড়ির ভেতরে বা আশেপাশে মুদ্রিত যা কিছু চোখে পড়ে তাই পড়তে বা উচ্চারণ করতে সাহায্য করুন।

লিখা

আপনার সন্তানের সাথে চিত্রাঙ্কন করুন ও চিত্রে যে গল্পটা আছে সেটা নিয়ে কথা বলুন। তার শোনা গল্প বা দেখা ছায়াছবির গল্প নিয়ে চিত্রাঙ্কন করতে তাকে উৎসাহিত করুন।

তাকে পুরো নাম ও টেলিফোন নাম্বার লিখতে সাহায্য করুন।

তার চিন্তা লিখে প্রকাশ করতে সাহায্য করুন।

উচ্চস্বরে পাঠের জন্য সুপারিশকৃত বইয়ের তালিকা: কিন্ডারগার্টেন

এই বয়সের শিশুরা যে রকম বই পছন্দ করে সে রকম কয়েকটি বইয়ের নাম এখানে দেয়া হল। আপনার গ্রন্থাগারিক বা শিক্ষক-শিক্ষিকাকে আরো ভাল বইয়ের নাম সুপারিশ করতে বলুন। তালিকাভুক্ত ও অন্যান্য বইগুলি আপনি পাবেন:

- আপনার সন্তানের স্কুলের লাইব্রেরিতে।
- শ্রেণিকক্ষের লাইব্রেরিতে।
- আপনার নিকটস্থ পাবলিক লাইব্রেরির শাখায়।

গ্রন্থকার	বই
Ludwig Bemelmans	Madeline
Jan Brett	The Mitten
Sandra Cisneros	Hairs/Pelitos
Nina Crews	One Hot Summer Day
Doreen Cronin	Click, Clack, Moo: Cows That Type
P. D. Eastman	Go, Dog, Go!
Wanda Gag	Millions of Cats
Eloise Greenfield	She Come Bringing Me That Little Baby Girl
Bill Harley	Sitting Down to Eat
Kevin Henkes	Chrysanthemum Lilly's Purple Plastic Purse Wemberly Worried
Amy Hest	Off to School, Baby Duck
Lillian Hoban	Arthur's Pen Pal
Pat Hutchins	Don't Forget the Bacon The Doorbell Rang
James Marshall	George and Martha
Robert McCloskey	Make Way for Ducklings Blueberries for Sal
Patricia McKissack	Mirandy and Brother Wind
Kate McMullan	I Stink!
Laura Joffe Numeroff	If You Give a Mouse a Cookie
Brian Pinkney	Max Found Two Sticks
Carole Lexa Schaeffer	The Squiggle
Maurice Sendak	Where the Wild Things Are
Dr. Seuss (Theodore S. Geisel)	The Cat in the Hat Green Eggs and Ham
Sherry Shahan	Spicy Hot Colors
David Shannon	Duck on a Bike
William Steig	Amos & Boris Dr. De Soto
Anastasia Suen	Subway
Hildegarde Hoyt Swift	The Little Red Lighthouse and the Great Gray Bridge
Martin Waddell	Farmer Duck
Mo Willems	Knuffle Bunny: A Cautionary Tale
Vera B. Williams	A Chair for My Mother
Taro Yashima	Umbrella

গ্রেড ১–২

বিভিন্ন স্তরের পড়ার সামর্থ নিয়ে শিশুরা প্রথম গ্রেডে আসে। কেউ কেউ পড়তে পারে; কেউ কেউ হয়তো কেবলমাত্র পড়তে শিখছে; আর কেউ কেউ হয়তো এখনো পড়তেই শিখেনি। প্রথম গ্রেড শেষে, বেশির ভাগ শিশুর পড়ার সামর্থ উন্নীত হয় এবং তারা যে সব গল্প পড়ে সে সবের সার-সংক্ষেপ করতে পারে ও সে সব সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে পারে।

প্রথম গ্রেডের একজন ছাত্র-ছাত্রীর লেখার সামর্থ তার পড়ার ও শোনার অভিজ্ঞতার উপর দৃঢ়ভাবে সম্পর্কযুক্ত। যে শিশুরা গল্প জানে, তারা গল্প বানাতেও জানে। কেউ কেউ প্রথম গ্রেডেই ভাল লিখতে শেখে, কেউ কেউ আবার সমস্যাজর্জরিত। প্রথম গ্রেড শেষ করতে করতে অধিকাংশ ছাত্র-ছাত্রী তাদের লেখা ও ছবির মধ্যে সংযোগ ঘটাতে পারে, অক্ষরের উচ্চারণ অনুযায়ী বানান লিখে শব্দ তৈরি করে (যাকে বলে "উদ্ভাবন করা বানান")।

দ্বিতীয় গ্রেডের বহু ছাত্র-ছাত্রী পড়ার গুরুত্ব বোঝে এবং ভাল পড়ুয়া হতে চায়। দ্বিতীয় গ্রেডের সময়, শিশুরা অধিকতর জটিল ঘটনার গল্প শুনতে ভালবাসে, আর কেউ কেউ অধ্যায়ে ভাগ করা বই পড়তে শুরু করে।

দ্বিতীয় গ্রেডের ছাত্র-ছাত্রীরা লেখায় ব্যক্তিত্বের প্রকাশ ঘটাতে শুরু করে। অনেক শিশুই মজা করার জন্য লেখা শুরু করে। এই বয়সেও তারা উদ্ভাবন করা বানান ব্যবহার করে এবং নতুন ধরনের গল্প বানাতে আনন্দ পায়, কখনো কখনো তাদের প্রিয় বই ও লেখককে অনুকরণ করে।

আপনি জানেন কি. . . ?

যখন পাবলিক লাইব্রেরিগুলো শিশু-কিশোরদের বই ব্যবহারের সুযোগ দেয়া শুরু করে, তখন শিশু-কিশোরদের জন্য লেখা কোনো বই প্রায় ছিলই না। এখন বছরে ১৩,০০০ এরও বেশি বই ছাপা হয় ছোট শিশু, বালক-বালিকা এবং কিশোর-কিশোরীদের জন্য।

যখন শিশু-কিশোররা তাদের প্রিয় বয়োজ্যেষ্ঠদের পড়তে ও লিখতে দেখে, শিক্ষা তখন তাদের কাছে কাঙ্খিত "বড়দের" কর্মকান্ডে পরিণত হয়। সে জন্যই শিক্ষার আদর্শ স্থাপন করা এতো গুরুত্বপূর্ণ।

স্কুলে শিশুরা হয়তো:

কথা বলছে ও শুনছে

গল্প বলছে ও কোন কিছুর অভিনয় করছে।

সহপাঠী ও শিক্ষক-শিক্ষিকাদের সাথে চিন্তা ও পর্যবেক্ষণ বিনিময় করছে।

সহপাঠী ও শিক্ষক-শিক্ষিকাদের কাছে বই সম্পর্কে বলছে।

পরিবারের গল্প বলছে।

পড়ছে

নতুন শব্দ উচ্চারণ করতে অক্ষর ও ধ্বনি একত্রিত করছে।

শব্দের অর্থ খুঁজে, কাছাকাছি সম্বন্ধযুক্ত শব্দ বের করে এবং শব্দের নানান ব্যবহার নিয়ে শব্দের গবেষণা করছে।

কিভাবে তাদের স্তরের পাঠ-উপযোগী বই খুঁজে বের করতে হয়, সেটা শিখছে।

তারা যা পড়ে ও লিখে তা উপভোগ করছে, যা ভাল লাগে তা নিয়ে কথা বলছে এবং একে অন্যের কাছে সুপারিশ করছে।

পড়ার ক্ষেত্রে সমস্যা দূর করতে বিভিন্ন পন্থা অবলম্বন করছে (যেমন, শব্দের উচ্চারণ, শব্দের পরিচিত অংশ খোঁজা, শব্দগুলি যেভাবে বাক্যে বা গল্পে ব্যবহৃত হয়েছে তার অর্থ খোঁজা)।

কবিতা, ছবি, গল্পের বই ও তথ্যনির্ভর বই পড়ছে।

লিখছে

বিভিন্ন ধরনের লেখা যাচাই করছে (যেমন, তাদের প্রিয় শব্দের নোটবুক তৈরি করা, বন্ধুদের চিঠি লেখা)।

সূচনা, মধ্যমাংশ এবং উপসংহার সমেত গল্প লিখছে।

নিজেদের লেখা সম্পর্কে বলছে।

সাধারণ শব্দ ঠিক ভাবে বানান করছে।

বিরতি চিহ্ন, প্রশ্নবোধক চিহ্ন, আশ্চর্যবোধক চিহ্ন ও বড় হাতের অক্ষর ব্যবহার করছে।

নিজেদের লেখা প্রকাশ করছে।

আপনি বাড়িতে কি করতে পারেন?

কথা বলা ও শোনা

আপনার সন্তানের পড়া ও লেখার সাথে নিজেকে যুক্ত করুন।

আপনার অভিজ্ঞতা সম্পর্কে সন্তানের সাথে কথা বলুন। আপনার সন্তানের নিজের অভিজ্ঞতা বা অন্য কেউ যা বলেছে, তা বলতে বলুন।

আপনার সন্তানের সাথে তার পড়া ও লেখা সম্পর্কে কথা বলুন। সে কি বলতে চাচ্ছে তা না বুঝতে পারলে প্রশ্ন করুন।

"আই স্পাই" ("আই স্পাই সামথিং দ্যাট স্টার্টস্ উইদ দি লেটার বি"), জুনিয়র স্ক্র্যাবল্ বা ট্রিভিয়াল পারস্যুট ধরনের খেলা খেলুন।

কথোপকথনে নতুন শব্দ ব্যবহারে তাকে উৎসাহিত করুন।

আপনার সন্তানকে তার অনুরাগ ও আগ্রহ সম্পর্কে বলতে বলুন।

পড়া

প্রতিদিন আপনার সন্তানের সাথে পড়ুন। আপনার সন্তানকে উচ্চস্বরে পড়ে শোনানো অব্যাহত রাখুন এবং আপনাকে পড়ে শুনানোর জন্য বলুন। গল্পগুলো পড়ে তার কি মনে পড়ে, কি রকম চিন্তা হয়, অথবা কি ভেবে অবাক লাগে সে সব নিয়ে কথা বলুন।

যদি আপনি অপর কোনো ভাষায় পড়তে স্বাচ্ছন্দ্য বোধ করেন, তাহলে ইংরেজি ভাষার পাশাপাশি আপনার মাতৃভাষার বই ব্যবহার করুন। আপনার সন্তানের সাথে এইসব বই পড়লে সে দুটো ভাষাই শিখবে। পালাক্রমে আপনি প্রত্যেক ভাষায় পড়তে পারেন।

আপনার সন্তানের পড়ার চেষ্টায় সহায়তা করুন। গল্প প্রভাবিত না হলে ভুল সংশোধন করে বাধা সৃষ্টি করবেন না। ছবি ও অক্ষরের ধ্বনি ব্যবহার করে তাকে শব্দ উচ্চারণ করতে সাহায্য করুন।

আপনারা একসাথে যে সব গল্প পড়ছেন সে সব সম্পর্কে আপনার সন্তানকে বলতে বলুন। এরপরে কি হবে, অথবা গল্পের চরিত্র কি করতে পারে সে সম্পর্কে অনুমান করতে বলুন।

বই খুঁজতে তাকে নিয়ে পাবলিক লাইব্রেরিতে যাবেন।

আপনার সন্তানকে সব ধরনের বই পড়তে উৎসাহ দিন (গল্প, ছবির বই, কবিতা, সত্য ঘটনা) এবং আপনার চারপাশের সবকিছু (খবরের কাগজ, সাইন, সিরিয়ালের বাক্স) সম্পর্কে পড়তে উৎসাহিত করুন।

আপনার সন্তানকে তার গল্প পড়ে শোনাতে বলুন ও সেটা নিয়ে কথা বলুন।

লিখা

আপনার ছেলে বা মেয়েকে আপনার জন্য বিভিন্ন জিনিস যেমন কোনো আত্মীয়ের কাছে চিঠি বা বাজারের তালিকা, লিখতে বলুন। তার জন্য নোট লিখুন এবং আপনার কাছে নোট লিখতে উৎসাহ দিন।

আপনার সন্তানকে বিভিন্ন উপাদান দিয়ে, যেমন বাড়িতে কম্পিউটার থাকলে কম্পিউটারে লিখার সুযোগ দিন।

সুপারিশকৃত বই: গ্রেড ১–২

এই বয়সের শিশুরা যে রকম বই পছন্দ করে সেরকম কয়েকটি বইয়ের নাম এখানে উল্লেখ করা হল। এই বইগুলির কয়েকটি আপনি আপনার সন্তানকে পড়ে শোনাতে চাইতে পারেন; আপনার সন্তান এগুলির কয়েকটি আপনাকে পড়ে শোনাতে চাইতে পারে।

আপনার গ্রন্থাগারিক বা শিক্ষক-শিক্ষিকাকে এরকম আরো বইয়ের নাম সুপারিশ করতে বলুন।

কোথায় আপনি এই বইগুলি এবং অন্যান্য বই পাবেন?

- আপনার সন্তানের স্কুলের লাইব্রেরীতে।
- শ্রেণীকক্ষের লাইব্রেরীতে।
- আপনার নিকটবর্তী পাবলিক লাইব্রেরীর শাখায়।

গ্রন্থকার	বই
Harry G. Allard	Miss Nelson is Missing!
Margery Williams Bianco	The Velveteen Rabbit
Marc Brown	Arthur's Nose
Virginia Lee Burton	Mike Mulligan and His Steam Shovel
Doreen Cronin	Diary of a Worm
Tomie De Paola	Strega Nona
Arthur Dorros	Abuela
Heather Forest	Stone Soup
Hardie Gramatky	Little Toot
Lily Toy Hong	Two of Everything: A Chinese Folktale
Elizabeth Fitzgerald Howard	Virgie Goes to School with Us Boys
Angela Johnson	Julius
Kathleen Krull	Wilma Unlimited: How Wilma Rudolph Became the World's Fastest Woman
Munro Leaf	The Story of Ferdinand
Arnold Lobel	Frog and Toad are Friends
Margaret Read MacDonald	Old Woman Who Lived in a Vinegar Bottle
Gerald McDermott	Zomo the Rabbit: A Trickster Tale from West Africa
Betty Miles	Hey! I'm Reading!
Brian Pinkney	The Adventures of Sparrowboy
Faith Ringgold	Tar Beach
Cynthia Rylant	High-Rise Private Eyes series Poppleton series
Jon Scieszka	The True Story of the 3 Little Pigs!
Dr. Seuss (Theodore S. Geisel)	Horton Hatches the Egg
Esphyr Slobodkina	Caps for Sale
William Steig	Brave Irene Doctor De Soto Sylvester and the Magic Pebble
John Steptoe	Stevie
Judith Viorst	Alexander and the Terrible, Horrible, No Good, Very Bad Day
Rosemary Wells	Yoko

গ্রেড ৩–৫

এই গ্রেডগুলিতে শিশুরা সাধারণত অধিকতর সহজে দ্রুততার সাথে ও সঠিক ভাবে পড়তে ও লিখতে পারে। তারা এখন কেবল কিভাবে পড়তে হয় সেটা শিখছে, না–কি তারা তাদের পড়ার দক্ষতা ব্যবহার করছে নতুন গল্পের অভিজ্ঞতা লাভ ও নতুন ধারণা লাভের জন্য। নিজে নিজে পড়তে পারার এই নতুন সক্ষমতা তাদেরকে আনন্দিত করে। তারা যেমন গল্প পড়তে ভালবাসে তেমনি বাস্তবভিত্তিক বই পড়তেও ভালবাসে। একই সাথে তারা এটাও চায় যে বড়দের পড়া গল্প শুনতে, তাদের সাথে কথোপকথনে নতুন শব্দ ব্যবহার করতে এবং তাদের লেখা শিক্ষক–শিক্ষিকা ও পরিবারের সদস্যদের দেখাতে চায়।

স্কুলে এই গ্রেডের শিশুদেরকে প্রত্যেক বিষয়ে পড়তে ও লিখতে বলা হবে। তারা হয়তো:

- একটি গল্প পড়বে এবং সেটা নিয়ে একটি নাটক লিখবে,
- তাদের চর্চা করা একটি বিদেশি জায়গা সম্পর্কে একটি ভ্রমণ নির্দেশিকা তৈরি করবে,
- গণিতের সমস্যার সমাধান দেবে কথায় ও সংখ্যায়, অথ বা
- হেঁটে প্রকৃতি পর্যবেক্ষণ করে এসে হেমন্ত ঋতুতে কি পরিবর্তন ঘটে সে সম্পর্কে তাদের মন্তব্য লিখবে।

আপনি জানেন কি. . . ?

অধিকাংশ রেফারেন্স বই (বিশ্বকোষ, অভিধান ইত্যাদি) অষ্টম গ্রেডের ছাত্র–ছাত্রীদের পড়ার উপযোগী করে লেখা। এই বইগুলিতে অল্প জায়গায় সবার জন্য অনেক তথ্য থ াকলেও চতুর্থ থেকে সপ্তম গ্রেডের পাঠক–পাঠিকারা সে সব কারো সাহায্য ছাড়াই পড়তে পারে।

৭ থেকে ১১ বছর বয়সের মধ্যে, শিশুরা যুক্তি দিয়ে চিন্তা করতে শুরু করে।

স্কুলে শিশুরা হয়তো:

কথা বলছে ও শুনছে

সহপাঠীদের কাছে তাদের ধারণা উপস্থাপন করছে এটা নিশ্চিত করতে যে, তাদের মূল বক্তব্য যথেষ্ট গোছানো ও বাস্তবসম্মত।

বিভিন্ন মাধ্যমে তাদের ধারণা প্রকাশ করছে (আলোচনা, উপস্থাপনা, নাটক ও কবিতার মাধ্যমে)।

অন্যদের কথা শুনছে ও বিভিন্ন দৃষ্টিভঙ্গীর তুলনা করছে।

প্রশ্ন জিজ্ঞাসা করছে এবং প্রমাণ দিয়ে সম্মতি বা অসম্মতি প্রকাশ করছে।

পড়ছে

একা ও দলগতভাবে পড়ছে।

অভিব্যক্তি সহকারে উচ্চস্বরে পড়ছে।

যে বই পড়েছে তার চরিত্র, দৃশ্যপট, মূল ধারণা ও অন্যান্য খুঁটি-নাটি বিবরণ নিয়ে কথা বলছে।

যা পড়েছে তা তাদের নিজের ভাষায় হৃদয়ঙ্গম করছে এবং তা পুনরায় বলছে।

তারা যে সব বই পড়ছে তাদের মধ্যে যোগসূত্র তৈরি করছে।

গ্রন্থকার কি লিখেছেন সে সম্পর্কে প্রশ্ন উত্থাপন করছে এবং পড়ার মাধ্যমে তার উত্তর খোঁজার চেষ্টা করছে।

তারা যেসব বই পড়ছে সে সম্পর্কে নিজের ব্যাখ্যা তৈরি করছে।

তথ্য জানার জন্য পড়ছে এবং এক বিষয়ে একাধিক উৎস থেকে তথ্য সংগ্রহ করছে।

দীর্ঘ সময় ধরে নিজে নিজে পড়ছে।

লিখছে

বিভিন্ন উদ্দেশ্যে লিখছে: গল্প বলার জন্য, তথ্য জানানোর জন্য, কারো জীবন বর্ণনা করবার জন্য, কাব্যিক চিত্রকল্প তৈরি করার জন্য।

পাঠকের মধ্যে প্রতিক্রিয়া তৈরির জন্য লিখছে।

কিভাবে সব বিষয়ে লিখতে হয় তা শিখছে, যেমন কি ভাবে সমাজ বিজ্ঞান পাঠে অন্তত তিনটি উৎস থেকে তথ্য নিয়ে প্রতিবেদন তৈরি করা যায়।

ভাষার প্রথাগত কাঠামো, যেমন ছন্দ ও তাল, অধ্যয়ন করছে ।

লেখার নিয়মানুগ কাঠামো যেমন অনুচ্ছেদ, অধ্যয়ন করছে।

আপনি বাড়িতে কি করতে পারেন?

কথা বলা ও শোনা

আপনার সন্তানের সাথে তার স্কুল, বন্ধু ও কর্মকান্ড নিয়ে কথা বলুন।

আপনার সন্তানকে তার চিন্তা ও অনুভূতি প্রকাশ করতে উৎসাহ দিন।

আপনার সন্তানের আগ্রহ, উদ্বেগ, পছন্দ ও অপছন্দ সম্পর্কে শুনুন। আপনার সন্তানকে তার মতামতের পক্ষে যুক্তি দিতে বলুন।

পড়া

আপনার সন্তান কোন্ বই পড়তে ভালবাসে সে সম্পর্কে কথা বলুন। আপনার সন্তানকে পড়ে শোনাতে বলুন।

আপনার সন্তান এখন যে বই পড়ছে, সে বইয়ের সাথে তার পড়া অন্যান্য বইয়ের তুলনা করতে বলুন।

তাকে পড়ে শোনানো অব্যাহত রাখুন। গল্পটা পড়ে তার কেমন লাগল, অথবা চরিত্রগুলোর কেমন লাগতে পারে সে সম্পর্কে কথা বলুন। এরপরে কি ঘটতে পারে সে সম্পর্কে অনুমান করার জন্য আপনার ছেলে বা মেয়েকে উৎসাহিত করুন, অথবা, কাহিনী সম্পর্কে "যদি এটা হয় তাহলে কি হবে?" ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করুন।

আপনার সন্তানের আগ্রহের সাথে মিল রেখে তাকে বই দিন। আপনার সন্তানকে তার প্রিয় গ্রন্থকার সম্পর্কে খোঁজ রাখতে বলুন।

পড়া ও বাড়ির কাজের জন্য একটা নিরিবিলি জায়গা ও একটা নির্দিষ্ট সময় ঠিক করুন। আপনার সন্তানকে উৎসাহ জোগান।

আপনার সন্তানকে সুচিন্তিত সিদ্ধান্ত নেয়ার কাজে নিয়োজিত করুন। যেমন, আপনারা একসাথে টিভি গাইড পড়ে কোন্ অনুষ্ঠানটি দেখবেন, সে সিদ্ধান্ত নিতে পারেন ।

আপনার সন্তানকে বছরে অন্তত ২৫টি বই পড়তে উৎসাহ যোগান ও সাহায্য করুন।

লিখা

আপনার সন্তানকে লেখার একটি জায়গা দিন এবং সে জায়গাটার আলাদা মর্যাদা রাখুন।

আপনার সন্তানকে বিভিন্ন ধরনের লেখা (যেমন গল্প ও কবিতা) লিখতে এবং ছবি ও রং ব্যবহার করে লেখাকে সুন্দর করে তুলতে উৎসাহ দিন ।

আপনার সন্তানের লেখা আপনাকে দেখাতে বলুন।

আপনার সন্তানকে একটি জার্নাল বা ডায়েরি দিন। সেটাকে তার একান্ত ব্যক্তিগত বিষয় হিসেবে রাখতে দিন।

অত্মীয়-বন্ধুদের মধ্যে বিতরণের জন্য একটি পারিবারিক নিউজলেটার তৈরি করুন। আপনার সন্তানকে এটি লিখতে বলুন এবং পরিবারের সদস্যদের "সাক্ষাৎকার" নেয়ার ব্যবস্থা করতে বলুন।

সুপারিশকৃত বই: গ্রেড ৩–৫

এই বয়সের শিশুরা যে রকম বই পছন্দ করে সেরকম কয়েকটি বইয়ের নাম এখানে উল্লেখ করা হল। এই বইগুলির কয়েকটি আপনি আপনার সন্তানকে পড়ে শোনাতে চাইতে পারেন, আর কয়েকটি সে আপনাকে পড়ে শোনাতে চাইতে পারে।

আপনার গ্রন্থাগারিক বা শিক্ষক-শিক্ষিকাকে এরকম আরো বইয়ের নাম সুপারিশ করতে বলুন।

এই বইগুলি এবং অন্যান্য বই আপনি কোথায় পাবেন?

- আপনার সন্তানের স্কুলের লাইব্রেরিতে।
- শ্রেণিকক্ষের লাইব্রেরিতে।
- নিকটস্থ পাবলিক লাইব্রেরির শাখায়।

গ্রন্থকার	বই
Alma Flor Ada	My Name is María Isabel
Arnold Adoff	All the Colors of the Race: Poems
Julia Alvarez	How Tia Lola Came to (Visit) Stay
Avi	Poppy
Judy Blume	Double Fudge
Eve Bunting	Nasty Stinky Sneakers
Frances Hodgson Burnett	The Secret Garden
Beverly Cleary	Ramona series
Andrew Clements	Frindle The Janitor's Boy
Roald Dahl	Charlie and the Chocolate Factory The BFG
Pleasant DeSpain	The Emerald Lizard: Fifteen Latin American Tales in English and Spanish
Kate DiCamillo	Because of Winn-Dixie Tiger Rising
Edward Eager	Half Magic
Louise Erdrich	The Birchbark House
Eleanor Estes	The Hundred Dresses
Jack Gantos	Joey Pigza Swallowed the Key
Virginia Hamilton	Zeely
James Howe	Bunnicula
Johanna Hurwitz	Class Clown
Norton Juster	The Phantom Tollbooth
C.S. Lewis	The Chronicles of Narnia
Lois Lowry	Number the Stars
Ken Mochizuki	Baseball Saved Us
Patricia MacLachlan	Journey Baby
Sharon Bell Mathis	Sidewalk Story
Nicholasa Mohr	Felita
F. N. Monjo	The Drinking Gourd: A Story of the Underground Railroad
Lensey Namioka	Yang the Youngest and His Terrible Ear
Barbara Park	Skinnybones

গ্রন্থকার	বই
Katherine Paterson	The Great Gilly Hopkins
Andrea Davis Pinkney	Alvin Ailey
Daniel Pinkwater	The Hoboken Chicken Emergency
Karen E. Quinones Miller	Ida B.
Thomas Rockwell	How to Eat Fried Worms
Cynthia Rylant	Missing May Every Living Thing
Louis Sachar	Sideways Stories from Wayside School
Allan Say	Grandfather's Journey
Jon Scieszka	Time Warp Trio series
Lemony Snicket	A Series of Unfortunate Events series
Gary Soto	Off and Running
Jerry Spinelli	Maniac Magee Crash
Geronimo Stilton	Lost Treasure of the Emerald (The Rodent's Gazette series)
Mildred Taylor	The Well The Gold Cadillac
Wendelin Van Draanen	Sammy Keyes series
Mildred Pitts Walter	Justin and the Best Biscuits in the World
E.B. White	Charlotte's Web
Laura Ingalls Wilder	Little House series
Henry Winkler, Lin Oliver	The Hank Zipzer series
Richard and Judy Dockrey Young	African-American Folktales for Young Readers
Kazumi Yumoto	The Friends

গ্রেড ৬ – ৮

অল্পবয়সী কিশোর-কিশোরীরা বোঝার চেষ্টা করে তারা কে এবং অন্য লোকজনের সাথে তাদের সম্পর্ক কি। তারা প্রতিনিয়ত তাদের অবস্থান বদল করে– কখনো কখনো মিনিটে মিনিটে– কখনো শক্তিশালী এবং কখনো নিরাপত্তাহীন, কখনো আত্মবিশ্বাসী এবং কখনো সন্দিহান, কখনো সপ্রতিভ এবং কখনো লাজুক। পরিবার ও স্কুল অল্পবয়স্ক বয়োঃসন্ধিপ্রাপ্তদের নিরাপদ, চ্যালেঞ্জিং, ও সুষম পরিবেশে অবস্থান বদলের সুযোগ দিয়ে তাদের বিকাশে সহায়তা করতে পারে।

অল্পবয়স্ক কিশোর-কিশোরীরা নতুন ধারণার জন্য উদগ্রীব থাকে। তারা নতুন ধারণাকে নিজের সাথে সম্পর্কিত করার মাধ্যমে শেখে: "আমার কাছে এটা কি অর্থ বহন করে?" এবং "এটি আমার জন্য চিন্তার বিষয় কেন?" এই বয়সের বেশিরভাগ শিশু বিমূর্ত ধারণা নিয়ে চিন্তা করতে শুরু করে, যেমন, "ন্যায়বিচার" ও "স্বাধীনতা"। তারা যে তথ্য পায় তার উপর নির্ভর করে উপসংহার টানতে ও ভবিষ্যত অনুমান করতে চেষ্টা করে। এটা কোনো সুন্দর, সুবিন্যস্ত ধারায় ঘটে না: একদিন হয়তো তারা পরিবেশ রক্ষার প্রচারাভিযানে নামবে, পরদিনই হয়ত ব্যবহৃত জিনিস পুনরায় ব্যবহার করতে অস্বীকৃতি জানাবে।

এই বছরগুলি শিক্ষা উন্নয়নে খুবই গুরুত্বপূর্ণ। এই পর্যায়ে, কিশোর-কিশোরীদের প্রয়োজন নিজেদের ক্ষমতা অনুধাবন করা, বিভিন্ন ভাবে নিজেদেরকে প্রকাশ করা, পড়া ও লেখাকে তাদের নিজেদের জীবনের সাথে সংযুক্ত করা, এবং তাদের জগতের ধারণা নির্মাণে ভাষা ব্যবহার করা।

আপনি জানেন কি. . . ?

আপনার সন্তানকে কিনে দেয়ার মত বহু ভাল শিশু ও কিশোর সাময়িকী রয়েছে, এবং তারা ডাকযোগে চিঠি ও পড়ার জন্য বিশেষ সামগ্রী পেতে ভালবাসে। এ সমস্ত সাময়িকীর অনেকগুলি আপনার স্থানীয় স্কুল বা পাবলিক লাইব্রেরীতেও পাওয়া যায়।

গ্রীষ্মকালে শিশু-কিশোররা ৫ থেকে ৬ টা বই পড়ে গ্রীষ্মকালীন স্কুলের ক্লাশে অংশগ্রহণের সমান উপকৃত হয়।

আনন্দ উপভোগের জন্য পড়লে তা অনুধাবন শক্তি বৃদ্ধি করে।

আমরা যত বেশি পড়ি তত নির্ভুল বানান শিখি।

স্কুলে শিশুরা হয়তো:

কথা বলছে ও শুনছে

মনোযোগ দিয়ে শুনছে ও মর্যাদার সাথে অন্যদের কথার উত্তর দিতে শিখছে।

সারাদিন স্কুলে শিক্ষক ও সহপাঠীদের সাথে কথোপকথনে নিয়োজিত থাকছে।

বিভিন্ন উৎস থেকে বিভিন্ন দৃষ্টিভঙ্গীর তথ্য সংগ্রহ করছে। কোন শ্রোতার কাছে যথার্থ প্রমাণভিত্তিক কোন বিষয়কে বিশ্বাসযোগ্য করে তুলতে সেই ধারণাগুলো ব্যবহার করছে।

পড়ছে

প্রত্যেক ক্লাসে নানাবিধ বিষয়ে পড়ছে, যেমন, সাহিত্য, তথ্যাদির বই, জীবনী ও প্রবন্ধ সাময়িকী ।

তারা কি পড়ছে সেটা বোঝার জন্য কৌশল ব্যবহার করছে (যেমন, তাদের জানা ধারণার সাথে নতুন ধারণার তুলনা করা, সে ধারণার সার-সংক্ষেপ করে, অথবা গ্রন্থকারের দৃষ্টিভঙ্গি বোঝার চেষ্টা করা)।

আনন্দ উপভোগের জন্য পড়ছে।

তারা যা পড়েছে তার মূল্যায়ন করছে। (এটা কি ভাল লেখা? এটা কি সঠিক? গ্রন্থকার কি মূল ধারণার সমর্থনে যথেষ্ঠ সাক্ষ্যপ্রমাণ দিয়েছেন?)

তাদের নিজস্ব অভিজ্ঞতার সাথে তাদের জানা বিষয় এবং বর্তমানে পাঠরত বিষয়কে সংযুক্ত করছে।

অন্য ছাত্র-ছাত্রীদের সাথে বই সম্পর্কে তাদের মতামত বিনিময়ের জন্য বুক ক্লাব বা অন্য কোনো অনুষ্ঠানে অংশগ্রহণ করবে।

লিখছে

প্রত্যেক ক্লাসে লিখছে।

বই থেকে ও শিক্ষক-শিক্ষিকার কথা থেকে নোট নিচ্ছে।

বিভিন্ন উৎস থেকে সংগৃহীত ধারণা, তথ্য এবং দৃষ্টিভঙ্গি একত্রিত করছে।

কোনো লেখার প্রতি প্রতিক্রিয়া জানাতে, তথ্য বিনিময় করতে, কোনো গল্প বলতে, অথবা কাউকে কিছু বোঝাতে- ইত্যাদি বহু উদ্দেশ্যে বহু ধরনের পাঠকের জন্য লিখছে।

লেখা পরিশীলিত করার জন্য পুনর্লিখন করছে।

প্রদর্শনী, স্কুল সংবাদ-পত্র, লেখা প্রতিযোগিতা, নাটক বা মৌখিক প্রতিবেদনের মাধ্যমে নিজের লেখা প্রকাশ বা প্রদর্শন করছে।

আপনি বাড়িতে কি করতে পারেন?

কথা বলা ও শোনা

গান এবং ভিডিও গেমস থেকে পোশাক-পরিচ্ছদ, ইত্যাদি যে বিষয়ে আপনার কিশোর-কিশোরী ছেলে-মেয়ে আগ্রহী, সে বিষয়ে কথা বলুন। দমিয়ে দেবার চেষ্টা করবেন না বা অতি "শীতল" ভাব দেখানোর চেষ্টা করবেন না- শুধু কথা বলুন।

কোনো একটা বিষয় সম্পর্কে আপনার বয়োঃসন্ধিপ্রাপ্ত কিশোর-কিশোরীর ধারণা কেমন তা জিজ্ঞাসা করুন এবং তার উত্তর শুনুন। তার মতকে সম্মান করুন, তবে তার মতামতের পক্ষে যুক্তি প্রত্যাশা করুন।

পড়া

আপনার কিশোর-কিশোরী ছেলে-মেয়েকে তার ছোট ভাইবোনকে বা তার পিতামহ-পিতামহীকে গল্প বলতে ও পড়তে উৎসাহিত করুন।

আপনার কিশোর-কিশোরী সন্তানদের বিভিন্ন উদ্দেশ্যে পড়তে উৎসাহিত করুন (যেমন জনপ্রিয় সঙ্গীত তারকা সম্পর্কে বা কোনো ক্রীড়ানুষ্ঠান সম্পর্কে জানতে)।

সে যা পড়ছে বা লিখছে তার অর্থ সম্পর্কে চিন্তা করতে তাকে উৎসাহ দিন।

আপনার সন্তান কি পড়ছে তা নিয়ে কথা বলুন। প্রশ্ন জিজ্ঞাসা করুন এবং সেই পড়ার সাথে খাপ খায়, আপনার এমন অভিজ্ঞতা বর্ণনা করুন।

আপনার কিশোর-কিশোরী সন্তানকে নিয়ে ঘন ঘন লাইব্রেরিতে যাবেন। সে নিজে নিজে পড়তে পারে এরকম বই নির্বাচন করতে সহায়তা করবেন।

অল্প বয়সীদের বিভিন্ন বিষয়ে (গল্প ও আলোচনা উভয় প্রকারের) বছরে অন্তত ২৫ টি বই পড়তে উৎসাহ দিন ও সহায়তা করুন।

শিশুদের জনপ্রিয় বই সংগ্রহ করে রাখুন এবং আপনার মাধ্যমিক-গ্রেডের ছাত্র-ছাত্রী সে সব বই পড়ে আনন্দ পেলে বিস্মিত হবেন না।

বাড়িতে একটা পড়ার জায়গা করে দিন; সেখানে বসার ব্যবস্থাটা যেন আরামদায়ক হয় আর সেখানে যেন উপভোগ্য বইপত্র, যেমন, উপন্যাস, তথ্যাদির বই, কমিক বই, ম্যাগাজিন ও সংবাদপত্র থাকে।

লিখা

আপনার বয়োঃসন্ধিপ্রাপ্ত সন্তানকে তার নিজস্ব চিন্তা ও অনুভূতি একটা জার্নালে লিখে রাখতে উৎসাহিত করুন এবং তার গোপনীয়তার প্রতি সম্মান দেখান।

একটি নিরিবিলি জায়গা, একটি নতুন রঙিন কাগজের প্যাড, রঙিন কালি, লেখার প্রয়োজনীয় উপকরণ (কম্পিউটার, অভিধান, উদ্ধৃতি গ্রন্থ) অথবা আবহ সঙ্গীত- ইত্যাদি যা যা তাকে লিখতে অনুপ্রেরণা জাগায়, তাকে সেগুলো দিন।

তাকে উৎসাহ দিন যাতে সে তার লেখা রেফ্রিজারেটর এর উপর লাগাতে, আত্মীয় বা বন্ধুকে সেটা পাঠাতে, অথবা সেটা কোনো যুব দল বা পারিবারিক অনুষ্ঠানে সবার সামনে পড়তে/প্রদর্শন করতে পারে।

সুপারিশকৃত বই: গ্রেড ৬–৮

এই বয়সের শিশুরা যে রকম বই পছন্দ করে সেরকম কয়েকটি বইয়ের নাম এখানে উল্লেখ করা হল। ষষ্ঠ, সপ্তম, এবং অষ্টম গ্রেডের ছাত্র-ছাত্রীরাও উচ্চস্বরে বই পড়া শুনতে ভালবাসে। তারা নিজে নিজে পড়তেও ভালবাসে।

আপনার গ্রন্থাগারিক বা শিক্ষক-শিক্ষিকাকে অন্যান্য ভালো বই সুপারিশ করতে বলুন।

আপনি এই বইগুলি বা অন্যান্য বই কোথায় পেতে পারেন?

- আপনার সন্তানের স্কুলের লাইব্রেরিতে।
- শ্রেণিকক্ষের লাইব্রেরিতে।
- আপনার নিকটস্থ পাবলিক লাইব্রেরির শাখায়।

গ্রন্থকার	বই
Lloyd Alexander	The Book of Three
Avi	Nothing But the Truth: A Documentary Novel
Joan Bauer	Squashed
Ann Cameron	Coli'bri
Lori M. Carlson, editor	Cool Salsa: Bilingual Poems on Growing Up Latino in the United States
Alice Childress	A Hero Ain't Nothin' But a Sandwich
Sook Nyul Choi	Year of Impossible Goodbyes
Susan Cooper	The Dark Is Rising series
Bruce Coville	Jeremy Thatcher, Dragon Hatcher
Chris Crutcher	Ironman
Christopher Paul Curtis	The Watsons Go to Birmingham, 1963
Nancy Farmer	The House of the Scorpion
Anne Frank	The Diary of a Young Girl
Jean Craighead George	Julie of the Wolves
Virginia Hamilton	The House of Dies Drear
S. E. Hinton	The Outsiders
Madeleine L'Engle	A Wrinkle in Time
Lois Lowry	The Giver
Robin McKinley	The Hero and the Crown
Nicholasa Mohr	El Bronx Remembered
Lillian Morrison	It Rained All Day That Night
Walter Dean Myers	145th Street: Short Stories Scorpions
Beverley Naidoo	The Other Side of Truth
Linda Sue Park	When My Name Was Keoko
Katherine Paterson	Bridge to Terabithia
Gary Paulsen	Brian's Hunt
Richard Peck	A Long Way from Chicago
W. Rodman Philbrick	Freak The Mighty
Philip Pullman	The Golden Compass
Johanna Reiss	The Upstairs Room

গ্রন্থকার	বই
Pam Munoz Ryan	Esperanza Rising
Louis Sachar	Holes
Graham Salisbury	Lord of the Deep
Steve Sanfield	The Adventures of High John the Conqueror
William Sleator	Oddballs: Stories
Gary Soto	Baseball in April and Other Stories
Suzanne Fisher Staples	Shabanu: Daughter of the Wind
Mildred D. Taylor	Roll of Thunder, Hear My Cry
Yoshiko Uchida	Journey Home
Cynthia Voigt	Homecoming
T. H. White	The Sword in the Stone
Jacqueline Woodson	Miracle's Boys
Laurence Yep	The Lost Garden

গ্রেড ৯–১২

অধিকাংশ মানুষের জন্য, হাই স্কুল হচ্ছে একটি ক্রান্তিকাল– এ সময় তারা বন্ধু–বান্ধবীদের মধ্যে নিজের অবস্থান নির্ণয় থেকে শুরু করে বিশ্বের মধ্যে তার অবস্থান নির্ণয় করতে চায়। হাই স্কুলের ছাত্র–ছাত্রীদের প্রয়োজন পরিশীলিত শিক্ষা দক্ষতা অর্জন করা, যাতে পরিবারের সদস্য, চাকরিজীবী ও নাগরিক হিসাবে তারা যে সব চ্যালেঞ্জের সম্মুখীন হয় তা যেন মোকাবেলা করতে পারে।

এই বয়সে তরুণরা যা পড়ে তার সাথে তাদের জীবনের অর্থবহ যোগসূত্র খুঁজে পায়। স্কুলের বাইরে লেখার জন্যও তারা অনেক কারণ খুঁজে পায়: যেমন, রিজ্যুমে, কলেজের আবেদনপত্র ও ডায়েরি।

পরিবার ও স্কুল নিম্নলিখিত সুযোগ প্রদান করার মাধ্যমে কিশোর–কিশোরীদের শিক্ষা বিকাশে সহায়তা করতে পারে:

বাছাই:

বাছাই করার সুযোগ থাকলে কিশোর–কিশোরীরা পড়া ও লেখার প্রেরণা পায় বেশি। তারা স্বাধীনভাবে পড়ার জন্য নিজেদের পছন্দমত বই বাছাই করতে ভালবাসে, গবেষণার জন্য নিজেদের পছন্দমত বিষয় নির্বাচন করতে ভালবাসে এবং কখন ও কোথায় তাদের লিখিত ধারণা প্রকাশ করতে পারবে তা বাছাই করতে ভালবাসে। অনেক হাই স্কুল ছাত্র–ছাত্রী বড়দের বই পড়তে ও উপভোগ করতে শুরু করে।

কণ্ঠস্বর:

বয়সে বড় কিশোর–কিশোরীরা জনসমক্ষে নিজেদের প্রকাশ করে এবং আশা করে তাদের কথা শোনা হবে ও মর্যাদা দেয়া হবে। কথোপকথন থেকে শুরু করে লেখা ছাপা পর্যন্ত, নানাভাবে তারা নিজেকে প্রকাশ করে।

সামাজিক ভাববিনিময়:

অধিকতর বয়স্ক বয়োঃসন্ধিপ্রাপ্তদের সবচেয়ে উলেখযোগ্য শিক্ষা অভিজ্ঞতা হল অন্য কিশোর–কিশোরীদের সাথে মেলামেশা, বিভিন্ন মত শোনা এবং মর্যাদার সাথে ধারণা বিনিময় করা।

আত্মবিশ্বাস:

যখন বয়োঃসন্ধিপ্রাপ্তরা শিক্ষার দক্ষতা বিকাশ ঘটিয়ে দুনিয়ায় নিজেদেরকে সমর্থ ব্যক্তি হিসাবে উপস্থাপন করতে পারে, তখন নিজেদের মূল্যবান ও আত্মবিশ্বাসী মনে করে।

স্কুলে বয়োঃসন্ধিপ্রাপ্তরা হয়তোঃ

কথা বলছে ও শুনছে

প্রশ্ন জিজ্ঞাসা করছে, তারা যা শুনেছে তা পুনরায় বলছে এবং ভিন্ন মত প্রকাশ করছে।

মৌখিক প্রতিবেদন উপস্থাপন করছে এবং উদাহরণ ও তথ্য দিয়ে সব বিষয়ে তাদের মতামত প্রকাশ করছে।

মর্যাদার সাথে অন্যদের কথা শুনছে।

সমবয়সীদের সাথে বিভিন্ন ধারণা নিয়ে কথা বলছে।

অনানুষ্ঠানিক আলোচনা থেকে শুরু করে বক্তৃতা দেয়া পর্যন্ত বিভিন্ন ধরনের কথা বলার অভিজ্ঞতা অর্জন করছে।

পড়ছে

কবিতা, বস্তুনিষ্ঠভর ও কাল্পনিক ইত্যাদি বিভিন্ন বিষয়ে পাঠ করছে।

নতুন ধারণা ও নতুন ভাবে চিন্তার পথ আবিষ্কার করার জন্য পড়ছে।

তাদের জীবন, তাদের অনুরাগ ও তাদের প্রাতিষ্ঠানিক প্রয়োজনের সাথে যুক্ত বিষয় অনুসন্ধান করছে।

বই নিয়ে কথা বলার জন্য বুক-ক্লাব, সাহিত্য-চক্র ও অন্যান্য ক্ষেত্রে অংশগ্রহণ করছে।

তাদের ক্লাসের সব বিষয়ে মূল ধারণা অধ্যয়ন করার জন্য পড়ছে।

তারা যা পড়ে তা পক্ষপাতহীন, সঠিক ও সম্পূর্ণ কিনা তা মূল্যায়ন করছে।

তথ্য পাবার জন্য তালিকা, নকশা, সারণী ও রেখাচিত্র ব্যবহার করছে।

বইয়ে সরাসরি বলা হয়নি এমন অর্থ উপলব্ধির চেষ্টা করবে।

লিখছে

প্রত্যেক ক্লাসে লিখছে।

পূর্ণর্লিখন ও সম্পাদনার জন্য একসাথে কাজ করছে।

বিভিন্ন উপায়ে লেখার চেষ্টা করছে যেমন, কবিতা, গল্প, প্রবন্ধ, চিঠি, জার্নাল, নাটক ও গবেষণা-পত্র।

পরিশীলিত লেখা তৈরি করার জন্য প্রথমে একবার খসড়া লিখছে এবং তারপর ধারণার প্রকাশভঙ্গী ও ভাষা উন্নয়নের জন্য সংশোধন করছে।

তাদের লেখা প্রকাশ বা উপস্থাপন করছে।

বিভিন্ন ধরনের শ্রোতার কাছে গুরুত্বপূর্ণ বিষয়ে নিজেদের প্রকাশ করছে (যেমন, নিজের গল্প বলা, সম্পাদকের কাছে চিঠি লেখা)।

আপনি বাড়িতে কি করতে পারেন?

কথা বলা ও শোনা

আপনার বয়োঃসন্ধিপ্রাপ্ত সন্তান কি পড়ছে, কি শুনছে ও কি অধ্যয়ন করছে, সে সম্পর্কে জিজ্ঞাসা করুন। মনোযোগ দিয়ে উত্তর শুনুন। প্রদত্ত হোমওয়ার্ক নিয়ে আলোচনা করুন।

পরিবারের গল্প বলুন।

সংবাদপত্রের কোনো ভাল লেখার কথা বলুন এবং সেটা নিয়ে একসাথে আলোচনা করুন।

একসাথে টেলিভিশনের অনুষ্ঠান দেখুন এবং আপনার প্রতিক্রিয়া ব্যক্ত করুন।

পড়া

আপনার বয়োঃসন্ধিপ্রাপ্ত সন্তানকে তার ছোট ভাইবোনদের গল্প পড়ে শোনাতে উৎসাহ দিন, এবং তথ্য সংগ্রহের জন্য ইন্টারনেট ব্যবহার করতে সাহায্য করুন।

আপনার বয়োঃসন্ধিপ্রাপ্ত সন্তানকে বছরে অন্তত ২৫ টি বই পড়তে ও বুঝতে উৎসাহ দিন।

ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক উভয় ধরনের প্রশ্ন খুঁজে বের করতে আপনার বয়োঃসন্ধিপ্রাপ্ত সন্তানকে সাহায্য করুন।

হোমওয়ার্ক করা, পড়া ও লেখার জন্য তাকে জায়গা ও সময় দিন।

বাড়ির প্রত্যেকের পাবলিক লাইব্রেরীর কার্ড থাকা এবং সবার সাথে আপনার লাইব্রেরিতে যাওয়া নিশ্চিত করুন।

আপনার বয়োঃসন্ধিপ্রাপ্ত সন্তানের হোমওয়ার্ক দেখা, স্কুলের নিউজলেটার, প্যারেন্টস নাইট, শিক্ষক-শিক্ষিকার সাথে সাক্ষাৎ করা এবং আপনার সন্তানের সাথে কথা বলার মাধ্যমে তার স্কুল সম্পর্কে জানুন।

সে যা পড়ছে আপনিও তা পড়ুন এবং সেটা নিয়ে তার সাথে আলোচনা করুন, কিন্তু কোন সিদ্ধান্ত দেবেন না বা তাকে দমন করবেন না।

লিখা

আপনার বয়োঃসন্ধিপ্রাপ্ত সন্তানকে তার চিন্তা, অনুভূতি ও অভিজ্ঞতা জার্নালে লিখতে উৎসাহিত করুন। তার গোপনীয়তার প্রতি সম্মান দেখান।

আপনার যে সব লেখায় আপনি আপনার চিন্তা, দ্বন্দ্ব ও অনুভূতি প্রকাশ করেন সে সব লেখা আপনার বয়োঃসন্ধিপ্রাপ্ত সন্তানের সাথে বিনিময় করুন।

লেখার জন্য প্রয়োজনীয় সরঞ্জামের যোগান দিন (কম্পিউটার, কাগজ, কলম ও রেফারেন্স বই যেমন অভিধান, শব্দকোষ ও উদ্ধৃতি গ্রন্থ)।

কমিউনিটি রচনা প্রতিযোগিতা, কমিউনিটি সংবাদপত্র এবং সম্পাদকের কাছে চিঠি লেখা, ইত্যাদি বৃহত্তর শ্রোতার কাছে লেখা প্রকাশ করতে উৎসাহ দিন।

সুপারিশকৃত বই: গ্রেড ৯-১২

এই বয়সের কিশোর-কিশোরীরা যে রকম বই পছন্দ করে সেরকম কয়েকটি বইয়ের নাম এখানে উল্লেখ করা হল। আপনার গ্রন্থাগারিক বা শিক্ষক-শিক্ষিকাকে অন্যান্য ভালো বই সুপারিশ করতে বলুন।

আপনি এই বইগুলি এবং অন্যান্য বই কোথায় পাবেন?

- আপনার সন্তানের স্কুলের লাইব্রেরিতে।
- শ্রেণিকক্ষের লাইব্রেরিতে।
- নিকটস্থ পাবলিক লাইব্রেরির শাখায়।

গ্রন্থকার	বই
Douglas Adams	The Hitchhiker's Guide to the Galaxy
Isabel Allende	The House of the Spirits
Maya Angelou	I Know Why the Caged Bird Sings
James Baldwin	If Beale Street Could Talk
Octavia Butler	Kindred
Orson Scott Card	Ender's Game
Sandra Cisneros	The House on Mango Street
Robert Cormier	The Chocolate War
Chris Crutcher	Whale Talk
Donald Davis	Listening for the Crack of Dawn
Buchi Emecheta	The Bride Price
Paul Fleischman	Whirligig
Ernest J. Gaines	A Lesson Before Dying
Donald R. Gallo, editor	Ultimate Sports: Short Stories by Outstanding Writers for Young Adults
Mark Haddon	The Curious Incident of the Dog in the Night-Time
Lorraine Hansberry	A Raisin in the Sun
Terry Spencer Hesser	Kissing Doorknobs
Will Hobbs	Far North
Khaled Hosseini	The Kite Runner
Langston Hughes	The Collected Poems of Langston Hughes
Angela Johnson	The First Part Last
John Krakauer	Into Thin Air
Harper Lee	To Kill a Mockingbird
Ursula Le Guin	The Left Hand of Darkness
Anne McCaffrey	Dragonsong
Frank McCourt	Angela's Ashes: A Memoir
Toni Morrison	The Bluest Eye
Walter Dean Myers	Bad Boy: A Memoir The Beast
An Na	A Step from Heaven
Gary Paulsen	The Beet Fields
Ernesto Quinonez	Bodega Dreams
Robert Alden Rubin	Poetry Out Loud

গ্রন্থকার	বই
Marjane Satrapi	Persepolis
Elizabeth Schmidt, editor	Poems of New York
Dai Sijie	Balzac and the Little Chinese Seamstress: A Novel
Art Spiegelman	Maus: A Survivor's Tale
John Steinbeck	Of Mice and Men
J. R. R. Tolkien	Lord of the Rings
Richard Wright	Black Boy

আপনি জানেন কি. . . ?

এমনকি পড়তে ভালবাসে বয়োঃসন্ধিপ্রাপ্ত সন্তানও খেলাধুলা, ক্লাব, চাকরি ও হোমওয়ার্ক নিয়ে এত ব্যস্ত থাকে যে আনন্দ উপভোগের জন্য পড়ার কথা ভুলে যায়। অনেকে সে শূন্যতা পুরণের জন্য সাময়িকীর যে লেখা ভাল লাগে, শুধু সেটাই পড়ে।

খুব ছোট শিশু থাকাকালীন অবস্থার পর মস্তিষ্ক বিকাশের বৃহত্তর বিচ্ছুরণ ঘটে কৈশোরকালে।

যারা যতো বেশি পড়ে ততো ভালো লেখে।

কি ধরনের বিশেষ পরামর্শ আমার সন্তানের শিক্ষা অর্জনে সহায়তা করতে আমাকে সাহায্য করবে?

"যথার্থ বই" নির্বাচন করা

আপনার সন্তানকে সহায়তা করুন:

শিরোনাম পড়তে।

প্রচ্ছদের বিবরণ পড়তে।

সূচীপত্র দেখতে।

এক বা দুই পাতা পড়তে।

আপনার সন্তানকে জিজ্ঞাসা করুন:

এই বইটি কোন্ বিষয়ের উপর বলে তোমার ধারণা?

এটা কি আকর্ষণীয় বলে মনে হচ্ছে?

একটি বই যথাযথ হবে যদি . . .

বইয়ের বিষয়বস্তু শিশুটিকে আগ্রহী করে।

শিশুটি যদি বইটির প্রতিটি পৃষ্ঠার অন্তত ৯৫% শব্দ পড়তে পারে (কেউ তাকে পড়ে না দিলে)।

একটি বই খুবই কঠিন হবে যদি . . .

শিশুটি পাঁচটি বা তার বেশি শব্দ পড়তে না পারে (যদি কেউ তাকে পড়ে না দেয়)।

শিশুটি কি পড়ছে তা বুঝতে না পারে।

পড়ার জন্য পিতামাতাদের প্রতি পরামর্শ

ন্যাশনাল এডুকেশন এ্যাসোসিয়েশন (National Education Association)

www.nea.org/readacross/parents.html

রিডিং ইজ ফান্ডামেন্টাল (Reading is Fundamental)

www.rif.org/parents/

আপনার সন্তান পড়ায় সমস্যাক্রান্ত হলে কি করবেন?

ঘাবড়াবেন না!

কোনো কোনো সময় শিশুরা সহজে পড়তে শিখতে পারে না এবং আপনার সন্তান পড়ায় সমস্যাক্রান্ত হতে পারে। নিচে কয়েকটি জিনিস উলেখ করা হল যা দিয়ে আপনি আপনার সন্তানকে সাহায্য করতে পারেন।

- আপনার ছোট্ট সন্তানটিকে পড়ে শোনানো অব্যাহত রাখুন। পড়াকে একটি নিয়মিত ও উপভোগ্য পারিবারিক কর্মকান্ডে পরিণত করুন। পড়াকে দৃষ্টান্ত হিসেবেও দেখান। আপনার শিশু দেখুক যে আপনি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ প্রাপ্তবয়স্করা নিয়মিত বই, সাময়িকী ও সংবাদপত্র পড়েন।

- আপনার সন্তানকে বাড়িতে নিয়মিত পড়তে আগ্রহী করে তুলুন। উপভোগ্য পাঠ্য হাতের কাছে রাখুন এবং আপনার সন্তানকে পড়ার জন্য বাড়িতে সময় এবং জায়গা দিন। শিশুরা যত বেশি পড়বে, তত ভাল পড়তে পারবে।

- আপনার শিশুকে স্কুল বা লাইব্রেরি থেকে নানারকমের পাঠ্য বিষয় নির্বাচন করতে সাহায্য করুন। এগুলো হতে পারে টেপে ধারণকৃত বই, উপন্যাস, তথ্যাদির বই, সাময়িকী, কমিক বই অথবা শিশুদের বই।

- আপনার সন্তানের শিক্ষক-শিক্ষিকার সাথে কথা বলুন এবং জানুন যে স্কুলে আপনার সন্তান কি করবে বলে তার শিক্ষক-শিক্ষিকা আশা করে।

- স্কুল-ছুটি পরবতী টিউটোরিং এবং আর কি কি বিশেষ সাহায্য আপনার সন্তানের জন্য রয়েছে তা খুঁজে বের করুন (শিক্ষক-শিক্ষিকা, অধ্যক্ষ বা প্যারেন্ট কোঅর্ডিনেটরকে জিজ্ঞাসা করুন)।

আপনি জানেন কি. . . ?

যে শিশুরা গ্রীষ্মকালীন ছুটিতে একদম পড়ে না, চর্চার অভাবে তারা তাদের পড়ার সক্ষমতার ২৪% পর্যন্ত হারাতে পারে।

- কমিউনিটি সংগঠনগুলো যে সব স্কুল-ছুটি পরবতী ও গ্রীষ্মকালীন কর্মসূচি পরিচালনা করে (এই নির্দেশিকার পিছনের পৃষ্ঠায় "পারিবারিক শিক্ষার জন্য কমিউনিটি সহায়তা" দেখুন) সে সবের সুবিধা নিন। পাবলিক লাইব্রেরির সামার রিডিং ক্লাব-এর ন্যায় অনেকগুলি কর্মসূচি বিনামূল্যে পরিচালিত হয়।

আপনার বয়োঃসন্ধিপ্রাপ্ত সন্তানদের পড়তে আগ্রহী করা

পিতামাতারা তাদের বয়োঃসন্ধিপ্রাপ্ত সন্তানদের নিজে নিজে পড়তে উৎসাহিত করার জন্য কি করতে পারেন?

- তারা কি পড়বে তা পছন্দ করতে দিন। উপন্যাসের বদলে বয়োঃসন্ধিপ্রাপ্তরা হয়তো পছন্দ করতে পারে তথ্যনির্ভর বই, সাময়িকী, খবরের কাগজ, কৌতুক বই, কমিক বই ও সচিত্র উপন্যাস।
- জেনে রাখুন যে পড়ার নানান ধরন আছে। ব্যস্ত কিশোর-কিশোরীরা হয়তো একটি সাময়িকীর পাতা উল্টাবে, কোনো শিরোনাম পড়বে, ছবি দেখবে, এবং কখনো কখনো পুরো নিবন্ধ পড়বে। এই ধরনের পাঠ খুবই উপভোগ্য এবং সাধারণত তাদেরকে আরো পাঠে আগ্রহী করে তোলে।
- তারা যা পড়ছে তা নিয়ে কথা বলুন। নতুন যে ধারণা তারা অর্জন করেছে তা আপনাকে বলতে দিন।
- প্রত্যেক দিন তাদেরকে পড়ে শোনান। তারা দেখুক যে আপনি এবং অন্যান্য প্রাপ্তবয়স্করা আনন্দ উপভোগের জন্য পড়ছেন।
- যে সব বই থেকে চলচ্চিত্র বা টেলিভিশনের অনুষ্ঠান তৈরী হয়েছে তাদেরকে সে সব বই পড়তে উৎসাহ দিন। জিজ্ঞাসা করুন বইটা ছবি থেকে কি রকম আলাদা।
- "জনপ্রিয়" বই থেকে বাছাই করতে তাদেরকে সহায়তা করার জন্য গ্রন্থাগারিককে জিজ্ঞাসা করুন। কিশোর-কিশোরীরা সাধারণত বন্ধু-বান্ধবীদের কাছে যে বইয়ের নাম শোনে সে বই পড়তে আগ্রহী হয়।
- যে বিষয়ে তাদের আগ্রহ সে বিষয়ে তাদেরকে পড়তে উৎসাহিত করুন। অনেক তরুণ সে সব বই পড়তে ভালবাসে যা তাদের সত্যিকার জীবনের সাথে সম্পর্কিত। স্রেফ উপভোগের বদলে তারা একটা উদ্দেশ্যের জন্য পড়তে পছন্দ করে।
- আপনার সন্তানকে পাঠের একটা লক্ষ্য নির্ধারণ করতে এবং সে লক্ষ্যে পৌঁছানোর চ্যালেঞ্জ গ্রহণ করতে সাহায্য করুন। তরুণরা স্বল্পমেয়াদী লক্ষ্য অর্জনের সাফল্য উপভোগ করে।
- বয়োঃসন্ধিপ্রাপ্তদেরকে ছবি-সমৃদ্ধ বই পড়ার সুযোগ দিন। অনেক লাইব্রেরিতে বিভিন্ন ধরনের উপভোগ্য সচিত্র উপন্যাস, অলঙ্কৃত তথ্যাদির বই এবং ছবির বই পাওয়া যায় যা কিশোর-কিশোরীদের কাছে আবেদনময়।
- আপনার বয়োঃসন্ধিপ্রাপ্ত সন্তানকে নানাবিধ বিষয়ে যেমন, কবিতা, ছোট গল্প, আত্মজীবনী, স্মৃতিকথা, প্রবন্ধ এবং ঐতিহাসিক কল্পকাহিনী ও উপন্যাস পড়তে উৎসাহিত করুন।

শিক্ষা ও প্রযুক্তি

পরিবারে একসাথে খেলা ও শিক্ষার নতুন সুযোগ এনে দেয় প্রযুক্তি এবং সেইসাথে শিক্ষা বিকাশেও সহায়তা করে।

টেলিভিশন / ভিডিও / চলচ্চিত্র

টেলিভিশন বা চলচ্চিত্র দেখার সময় আপনি শিক্ষা বিকাশে সহায়তা করতে পারেন এভাবে:

- ছেলেমেয়ের সাথে বসে দেখে এবং তারা বুঝল কি না প্রশ্ন জিজ্ঞাসা করে।
- ছেলেমেয়েদেরকে নিজেদের মত প্রশ্ন করতে উৎসাহিত করার মাধ্যমে।
- অনুষ্ঠানের চিন্তাধারা সম্পর্কে কথা বলার মাধ্যমে।
- যা দেখলেন তা একজন চলচ্চিত্র সমালোচকের মত বিশেষণ করার, অন্য ছায়াছবির সাথে তুলনা করার ও ছায়াছবি বা ভিডিও এর মান সম্পর্কে মতামত দেয়ার মাধ্যমে।
- অনুষ্ঠানটিকে শিশুদের বাস্তব জীবনে প্রাপ্ত অভিজ্ঞতার সাথে সম্পর্কিত করার মাধ্যমে।

আপনি জানেন কি. . . ?

‘দি আমেরিকান একাডেমি অব পেডিয়াট্রিকস’ প্রি-স্কুল শিশুদের জন্য প্রতিদিন এক ঘন্টার সীমায়িত তত্ত্বাবধানকৃত টিভি দেখতে সুপারিশ করে।

পাঁচ বছর বয়স পর্যন্ত শিশুদের জন্য কম্পিউটার গেম খেলা শেখার চেয়ে পুরনো যুগের খেলনা দিয়ে খেলা বেশি গুরুত্বপূর্ণ।

রেকর্ডকৃত বই

টেপে বা সিডিতে ধারণকৃত বই লাইব্রেরিতে ও বইয়ের দোকানে পাওয়া যায়। আপনি গাড়িতে বা ট্রেনে বসে বা যেখানে একটি প্লেয়ার নিয়ে যাওয়া যায়, সেখানেই এ সব রেকর্ডকৃত বই শোনা সম্ভব।

অনেক বেশি সংখ্যক বই এখন ইলেকট্রনিক মাধ্যমে (ই-বুকস) পাবলিক লাইব্রেরিতে পাওয়া যায়। এসব বই পারিবারিক কম্পিউটার-এ ধার করে পড়া সম্ভব।

‘দি এন্ড্রু হেইস্কেল ব্রেইল এন্ড টকিং বুক লাইব্রেরি’ ডাকযোগে বই প্রেরণ কর্মসূচি পরিচালনা করে যা হাজার হাজার রেকর্ডকৃত ও ব্রেইল (দৃষ্টি প্রতিবন্ধীদের ভাষা) বই বিনা ডাকমাশুলে গ্রাহকের কাছে পৌঁছে দেয়। নিউ ইয়র্ক সিটি ও লং আইল্যান্ড এ বসবাসরত সকল বয়সের মানুষ যারা অন্ধত্ব, দৃষ্টি সমস্যা বা দৈহিক প্রতিবন্ধীতার কারণে বই ধরতে বা পাতা উল্টাতে অক্ষম, অথবা অঙ্গ অসাড়তার কারণে পাঠ প্রতিবন্ধী (যেমন শব্দান্ধতা বা ডিসলেক্সিয়া) এবং প্রচলিত মুদ্রণের বই পড়তে সক্ষম নয়, তারা এইসব সেবা পাওয়ার যোগ্য। এ বিষয়ে আরো তথ্যের জন্য এই নির্দেশিকার “পারিবারিক শিক্ষার জন্য কমিউনিটি সহায়তা” বিভাগে ‘এন্ড্রু হেইস্কেল ব্রেইল এন্ড টকিং বুক লাইব্রেরির সাথে যোগাযোগের ঠিকানা পাবেন অথবা আপনার স্থানীয় পাবলিক বা স্কুল লাইব্রেরীতে খোঁজ নিন।

ইন্টারনেটে তথ্য খোঁজা

ইন্টারনেটে বহু তথ্য রয়েছে, কিন্তু এর সবগুলি সঠিক বা নির্ভরযোগ্য নয়।

আপনি আপনার সন্তানকে ইন্টারনেট থেকে মানসম্পন্ন তথ্য পেতে সাহায্য করতে পারেন:

- অন-লাইন উপকরণ (যেমন সাময়িকী নিবন্ধ ও এনসাইক্লোপিডিয়া) ব্যবহারের জন্য আপনার পাবলিক লাইব্রেরি কার্ড ব্যবহার করুন।
- কোনো বিষয়ে তথ্য খুঁজতে ব্যবহারের জন্য আপনার সন্তানকে কার্যকর শব্দ শনাক্ত করতে সাহায্য করুন।
- আপনার সন্তানকে বিভিন্ন দৃষ্টিভঙ্গি ও একাধিক উৎস থেকে তথ্য সংগ্রহে উৎসাহিত করুন।
- যে তথ্য পেয়েছে তা মূল্যায়ন করতে তাকে সহায়তা করুন ও জিজ্ঞাসা করুন:
  কে এটা লিখেছে এবং কেন সেটা লেখা হয়েছে?
  এটা কি সত্যিকার না অভিমত?
  গ্রন্থকার কি বলেছেন যে তিনি কিভাবে এই ঘটনা জেনেছেন?
  এই তথ্য কি এই বিষয়ে প্রাপ্ত অন্য তথ্যের সাথে মিলে?
- আপনার সন্তান কম্পিউটারে কি দেখছে তার প্রতি নজর রাখুন। যদি আপনি নিজে কম্পিউটার ব্যবহার সম্পর্কে ভাল না জানেন, তাহলে আপনার সন্তান যা শিখেছে সেটা আপনাকে শিখাতে বলুন।
- যে সব সাইট শিশুদের ইন্টারনেটে তথ্য খুঁজতে সহায়তা করার জন্য নির্মাণ করা হয়েছে সে সব সাইট ব্যবহার করুন:
  আস্ক জিভস ফর কিডস্ www.ask.com
  কিডস্ ক্লিক! kidsklick.com
  Kids.Net.Au www.kids.net.au
  ইয়াহুলিগানস্ kidsyahoo.com
- নিরাপদ ও যথাযথ সাইটের সুপারিশ করে যে সব সাইট, সে সব সাইট ব্যবহার করুন:
  অওসাম লাইব্রেরি www.awesomelibrary.org
  বেরিট'স্ বেস্ট সাইটস্ ফর চিলড্রেন www.beritsbest.com
  গ্রেট ওয়েব সাইটস ফর কিডস্ www.ala.org/greatsites
  কিডস্ কানেক্ট www.kidskonnect.com/

ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগ করা

ইন্টারনেট অন্যদের যোগাযোগ স্থাপনের জন্যে মানুষকে অনেক সুযোগ প্রদান করে। কম বয়েসী শিশুরা প্রায়শঃ স্কুলের পরে বন্ধু-বান্ধবীদের ই-মেইল করে বা তাদের সাথে অনলাইনে 'চ্যাট' করে। আপনার সন্তান নিরাপদ ও যথাযথভাবে ইন্টারনেট ব্যবহার করছে কিনা তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। কম বয়সীদের মধ্যে যারা সেল

ফোন ব্যবহার করে, তাদের ক্ষেত্রেও এই সকল নিয়ম প্রযোজ্য।

- আপনার সন্তান অনলাইনে কার সাথে কথা বলছে সেটা জানুন
- সে যেন ব্যক্তিগত তথ্য না দেয় সে ব্যাপারে সতর্ক থাকুন
- সে যেন শুধুমাত্র যথাযথ 'চ্যাট' (কমপিউটারে টাইপ করে কথা বলা) সাইট ব্যবহার করে সেটা নিশ্চিত করুন।

আপনি জানেন কি. . . ?

কোনো ইন্টারনেট সাইটে প্রবেশ না করেও তার ঠিকানা দেখেই সাইটটা সম্পর্কে আপনি অনেক কিছু ধারণা করতে পারেন। শেষ ৩ অক্ষর একটা সাইট সম্পর্কে প্রথম ইঙ্গিত: **.com** এর অর্থ হল "commercial" বা "বাণিজ্যিক", **.gov** এর অর্থ হল "government" বা সরকারি সংস্থার সাইট, **.edu** মানে "education" এবং তা সাধারণত কোনো স্কুল বা কলেজের সাইট, এবং **.org** এর অর্থ হল কোনো "organization" বা কোনো অলাভজনক সংস্থার সাইট যেমন, লাইব্রেরি, দাতব্য বা অন্য কোনো সংস্থা।

আমাকে সাহায্য করার জন্য কি কি উপকরণ রয়েছে?

পারিবারিক শিক্ষার জন্য কমিউনিটি সহায়তা

আপনি একা নন। কমিউনিটিতে বহু উপকরণ যেমন– লাইব্রেরি, যাদুঘর, বিনোদন বিভাগ, পার্ক, শিল্প-কলা ও যুব কর্মসূচি এবং কমিউনিটি-ভিত্তিক সংগঠন রয়েছে, যা যুব উন্নয়ন ও শিক্ষার বিকাশে সহায়তা করার জন্য কর্মসূচি পরিচালনা করে।

গ্রীষ্মকালীন কর্মসূচি বিশেষ ভাবে গুরুত্বপূর্ণ, কারণ সারা বছর ধরে স্কুলে শিশুরা যা শিখে এই কর্মসূচিগুলো তা ধরে রাখতে তাদের সাহায্য করে। পাবলিক লাইব্রেরিগুলি তালিকাভুক্ত সুপারিশকৃত বই পড়া কর্মসূচি, বিভিন্ন কার্যক্রম এবং ভ্রাম্যমান ‘বই-গাড়ি’র মতো প্রচারকাজ স্পন্সর করে থাকে। পাবলিক লাইব্রেরির গ্রীষ্মকালীন কর্মসূচি সম্পর্কে আরো তথ্যের জন্য এবং পড়তে উৎসাহী করে তোলার জন্য পিতামাতার প্রতি আভাসের জন্য পাবলিক লাইব্রেরিতে যোগাগোগ করুন (নিচে দেখুন)।

আপনার পরিবারের জন্য শিক্ষা সম্পর্কিত কর্মকান্ড খুঁজে বের করতে অনেক সংস্থা এবং সংগঠন আপনাকে সহায়তা করতে পারবে।

সংস্থা	প্রদত্ত সেবা
এন্ড্রু হেইস্কেল ব্রেইল এন্ড টকিং বুক লাইব্রেরি (Andrew Heiskell Braille and Talking Book Library) 40 West 20th Street New York, NY 10011 212-206-5400 TDD 212-206-5458 ২৪ ঘন্টা ভয়েস মেইল 212-206-5425 ই-মেল: ahlbph@nypl.org অথবা talkingbooks.nypl.org	পাঁচটি বরোতে সকল দৃষ্টি প্রতিবন্ধী ও শিক্ষা প্রতিবন্ধীদের পৃষ্ঠপোষকতাকারী একটি সম্পূর্ণ লাইব্রেরি।
ব্রুকলিন পাবলিক লাইব্রেরি (ব্রুকলিনের ৬০ টি স্থানে) (Brooklyn Public Library) 718-230-2100 brooklynpubliclibrary.org brooklynpubliclibrary.org/kids brooklynpubliclibrary.org/teens	পূর্ণাঙ্গ লাইব্রেরি সার্ভিস। গ্রীষ্মকালীন রিডিং কর্মসূচি। গ্রন্থ তালিকা। বয়স্কদের জন্য দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি। বয়স্ক শিক্ষা কর্মসূচি।

সংস্থা	প্রদত্ত সেবা
DYCD *ফ্যামিলি লিটারেসি প্রোগ্রামস* (DYCD Family Literacy Programs) www.nyc.gov/html/dycd/html/services-literacy-programs.html	সমগ্র শহরব্যাপী পিতামাতা ও শিশুদের শিক্ষাগত চাহিদা পূরণের লক্ষ্যে পরিচালিত কর্মসূচি।
***লার্নিং লিডার্স* (Learning Leaders)** 212-213-3370 www.learningleaders.org/resources/links.php	পিতামাতা ও ছাত্র-ছাত্রীদের জন্য শিক্ষা বিষয়ক কর্মসূচি ও উপকরণ সংক্রান্ত তথ্য।
***দি লিটারেসি এ্যাসিসট্যান্স সেন্টার* (The Literacy Assistance Center)** 212-803-3300 www.lacnyc.org ফ্যামিলি লিটারেসি রিসোর্সেস (FAMILY LITERACY RESOURCES) www.lacnyc.org/resources/familylit/familylit.htm#directory	বয়স্ক ও পারিবারিক শিক্ষা সার্ভিস ও প্রকাশনা। শিশু ও পরিবারের জন্য কোথায় বিনামূল্যে শিক্ষা কর্মসূচি পাওয়া যাবে তা খুঁজতে সাহায্য করে।
***লিটারেসি হটলাইন* (Literacy Hotline)** 212-803-3333 (টোল ফ্রি নম্বর) হটলাইনটি ২৪ ঘন্টা চালু থাকে	বয়স্ক ও স্কুলছুট তরুণদের বিনা ব্যয়ে ক্লাস সম্পর্কে পরামর্শ: - জি.ই.ডি. - মৌলিক শিক্ষা - শ্রমশক্তি প্রস্তুতি - চাকুরির প্রশিক্ষণ - ই.এস.এল.
***নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন* (New York City Department of Education)** লাইব্রেরী সেবার অফিস: 212-374-0781 প্যারেন্ট এনগেজমেন্ট অফিস: 212-374-2323 www.schools.nyc.gov/parents/	নিউ ইয়র্ক সিটির বিভিন্ন স্কুল সম্পর্কে পিতামাতাদের জন্য তথ্য।

সংস্থা	প্রদত্ত সেবা
NYC এন.ওয়াই.সি. ডিপার্টমেন্ট অব ইয়ুথ এন্ড কমিউনিটি ডেভলপমেন্ট (ডি.ওয়াই.সি.ডি. সার্ভিস) **NYC Department of Youth and Community Development** 212-442-6006 www.nyc.gov/html/dycd/home.html	যুব কর্মসূচি। সিটি গভর্নমেন্টের অন্যান্য সার্ভিস।
দি নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি **(The New York Public Library)** (৮৫টি পাড়ায় শাখা এবং ম্যানহাটান, দি ব্রংক্স, ও স্ট্যাটেন আইল্যান্ডে ৪টি গবেষণা লাইব্রেরি) 212-340-0906 www.nypl.org kids.nypl.org teenlink.nypl.org	পূর্ণাঙ্গ লাইব্রেরি সার্ভিস। গ্রীষ্মকালীন রিডিং কর্মসূচি। গ্রন্থ তালিকা। বয়স্কদের জন্য দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি। বয়স্ক শিক্ষা কর্মসূচি।
পার্টনারশিপ ফর আফটার স্কুল এডুকেশন **Partnership for After School Education (PASE)** 212-571-2664 www.pasesetter.com www.cmap.info/netmaps/paseMap.asp	সব বয়সের তরুণ-তরুণীদের জন্য ১২০০ এর বেশি স্কুল-পরবতী কর্মসূচি। মানচিত্রে স্কুল-পরবতী কর্মসূচির স্থানগুলি দেখানো হয়েছে।
কুইন্স পাবলিক লাইব্রেরি (কুইন্স এ ৬৩ টি স্থানে) **(Queens Public Library)** 718-990-0700 www.queenslibrary.org www.kidsling.org www.teenling.org	পূর্ণাঙ্গ লাইব্রেরি সার্ভিস। গ্রীষ্মকালীন রিডিং কর্মসূচি। গ্রন্থ তালিকা। বয়স্কদের জন্য দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি। বয়স্ক শিক্ষা কর্মসূচি।
UFT ডায়াল-এ-টিচার (UFT Dial-A-Teacher) 212-777-3380 সন্ধ্যা ৪-৭ টা পর্যন্ত, সোমবার - বৃহস্পতিবার	ছাত্র-ছাত্রী ও পিতামাতার জন্য হোমওয়ার্ক সহায়তা।

কিছু জাতীয় সংস্থা তাদের ওয়েব সাইটের মাধ্যমে অত্যন্ত প্রয়োজনীয় তথ্য দিয়ে থাকে:

গ্রন্থতালিকা

আমেরিকান লাইব্রেরি এসোসিয়েশন (American Library Association)
শিশুদের জন্য গ্রন্থতালিকা
www.ala.org/ala/alsc/alscresources/booklists/booklists.htm

কিশোর-কিশোরীদের জন্য গ্রন্থতালিকা
www.ala.org/yalsa/booklists

পিতামাতাদের জন্য প্রকাশনা

ফ্যামিলি ইনফরমেশন সেন্টার অব দি ক্লিয়ারিংহাউস অন রিডিং, ইংলিশ অ্যান্ড কমিউনিকেশন
(Family Information Center of the Clearinghouse on Reading, English & Communication)
reading.indiana.edu/www/indexfr.html

ইন্টারন্যাশনাল রিডিং এসোসিয়েশন (International Reading Association)
ওয়েবে ইংরেজি ও স্প্যানীশ ভাষায় পিতামাতাদের জন্য তথ্যাবলি
www.reading.org/resources/tools/parent.html

রিডিং ইজ ফান্ডামেন্টাল (Reading is Fundamental)
ছেলেমেয়েদের পড়তে আগ্রহী করে তুলতে সাহায্য করার জন্য পিতামাতাদের জন্য তথ্যাবলি
www.rif.org/parents/

ইউ.এস. ডিপার্টমেন্ট অব এডুকেশন (U. S. Department of Education)
বিশেষত পিতামাতাদের জন্য
www.ed.gov/parents/landing.jhtml

টুলস ফর স্টুডেন্ট সাকসেস (ছাত্র-ছাত্রীদের সফলতার জন্য সরঞ্জাম)
www.ed.gov/parents/academic/help/tools-for-success/index.html

নো চাইল্ড লেফট্ বিহাইন্ড: এ প্যারেন্ট গাইড (কোন শিশুই পিছিয়ে থাকবে না: একটি অভিভাবক নির্দেশিকা)
www.ed.gov/parents/academic/involve/nclbguide/parentsguide.html

ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য উপকরণ

ন্যাশনাল এসোসিয়েশন ফর বাইলিঙ্গুয়াল এডুকেশন
(National Association for Bilingual Education)
www.nabe.org/education/index.html

ন্যাশনাল ক্লিয়ারিংহাউস ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ এ্যাকুইজিশন
(National Clearinghouse for English Language Acquisition)
দ্বিভাষিক/ESL বইপত্র ও সরঞ্জাম: ইংরেজিতে সীমিত দক্ষতা সম্পন্ন (LEP) ছাত্র–ছাত্রী ও তাদের পরিবারের জন্য শিক্ষা
www.ncela.gwu.edu/spotlight//1_parents.html

ন্যাশনাল সেন্টার ফর ফ্যামিলি লিটারেসি (National Center for Family Literacy)
হিস্প্যানিক পারিবারিক শিক্ষা ইনস্টিটিউট
www.famlit.org/site/c.gt_JWJdMQIsE/b.1697307/k.415c/Hispanic_Family_learning_Institute.htm

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (New York City Department of Education)
www.schools.nyc.gov/Office/ELL/default.htm

শিশুরা–

নিউ ইয়র্ক সিটির পাবলিক লাইব্রেরিসমূহ

ব্রুকলিন পাবলিক লাইব্রেরি দি নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি কুইন্স লাইব্রেরি

জন্ম থেকে ১২ বছর বয়স পর্যন্ত সকল শিশুদের লাইব্রেরি কার্ড এর আবেদন করার জন্য আমন্ত্রণ জানাচ্ছে!

আপনার সন্তানের লাইব্রেরি কার্ড থেকে থাকলে খুব ভালো! তাহলে নতুন কার্ড নেয়ার আর প্রয়োজন নেই। যদি আপনার সন্তানের লাইব্রেরি কার্ড কখনোই না থাকে, অথবা কার্ডটি যদি হারিয়ে যায়, তাহলে অনুগ্রহ করে নিচের আবেদনপত্রটি পূরণ করুন।

(অনুগ্রহ করে ইংরেজী ভাষায় স্পষ্টাক্ষরে লিখুন)

সন্তানের নাম ____________________

সন্তানের জন্মদিন ____________________
MONTH / মাস DAY / দিন YEAR / বছর

সড়ক ও নম্বর ____________________

এ্যাপার্টমেন্ট ______________ বরো বা সিটি ______________

স্টেট __________ জিপ কোড __________ টেলিফোন __________

পিতামাতার ঠিকানা/চিঠি পাঠানোর ঠিকানা (যদি ভিন্ন হয়):____________________

____

পিতামাতা বা অভিভাবক:

অনুগ্রহ করে নিচের বিবৃতি পড়ুন, লাইন A অথবা B এর পাশে টিক চিহ্ন দিন, এবং আপনার নাম সই করুন।

আমি আমার সন্তানকে লাইব্রেরি কার্ড নেয়ার অনুমতি দিচ্ছি। এই আবেদনের প্রেক্ষিতে যে কার্ড দেয়া হবে তা দিয়ে আমার সন্তান লাইব্রেরি থেকে যে সব জিনিষপত্র নেবে বা আবেদনপত্রের বিপরীতে ইস্যুকৃত কার্ড ব্যবহারের মাধ্যমে লাইব্রেরি ক্ষতিগ্রস্থ হলে, তার দায়-দায়িত্ব আমি নেব বলে স্বীকার করছি।

A. ___ আমার সন্তান, যার বয়স ১২ বছর বা তারচেয়ে কম, কিশোরদের/প্রাপ্তবয়স্কদের এবং সেইসাথে শিশুদের সামগ্রী ধার নিতে পারবে।

B. ___ আমার সন্তান শুধুমাত্র শিশুদের সামগ্রী ধার নিতে পারবে।

নাম (স্পষ্টাক্ষরে) ____________________

স্বাক্ষর ____________________

ব্রুকলিন পাবলিক লাইব্রেরি 718-230-2100 www.brooklynpubliclibrary.org
দি নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেররি (ম্যানহ্যাটান, ব্রঙ্কস এন্ড স্ট্যাটেন আইল্যান্ড) 212-576-0031 www.nypl.org
কুইন্স লাইব্রেরি 718-990-0705 www.queenslibrary.org

অনুগ্রহ করে একটি পরিচয়পত্র সহ পুরণকৃত এই আবেদনপত্র স্থানীয় লাইব্রেরীতে নিয়ে আসুন।

কৃতজ্ঞতা স্বীকার

‘নিউ ভিশনস ফর পাবলিক স্কুল’ এই পারিবারিক শিক্ষা নির্দেশিকার প্রণেতাদের অবদান কৃতজ্ঞতার সাথে স্বীকার করছে:

New Visions for Public Schools
সামিরা আহমেদ
ট্রেসি ম্যারি অ্যালেন
লিলি ব্রাউন
ড্রু ডানফি
স্টেফানি ফিশার
হলি লজ
অ্যালেনা মেলেন্ডি

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন
আন্দ্রে অ্যালোনসো
জেমিনা বারনার্ড
কারমেন ফ্যারিনিয়া
নাটাশা হাওয়ার্ড
লরা কচ
মেডা ম্যকইভয়
হেদার ম্যাকরে-উলফ্
বারবারা স্ট্রিপলিং, মূল লেখক
ব্রেন্ডা স্টিল

Random House Inc.
মেলানি ফ্যালন-হোসকা
পিটার ওলসন
ক্যাথি ট্রেগার
এড ভলিনি

ব্রুকলিন পাবলিক লাইব্রেরি
র‍্যাচেল পেইন
শাইলা শ্যফার
গ্রেস শ্যানাহান
জুডি যুকারম্যান

নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি
স্যান্ড্রা পেইন
মার্গারেট টাইস

কুইন্স পাবলিক লাইব্রেরি
রোজেন কেরনি
ক্যারল ক্যাট্জ্
ক্যারেন কোহ্

© 2005, 2007 New Visions for Public Schools

‘নিউ ভিশন্‌স ফর পাবলিক স্কুল’ হলো নিউ ইয়র্কের পাবলিক স্কুলের ছেলে–মেয়েদের শিক্ষার মান উন্নয়নের জন্য নিবেদিত সর্ববৃহৎ শিক্ষা সংস্কার প্রতিষ্ঠান, যা ১৯৮৯ সালে প্রতিষ্ঠিত হয়েছে। শিক্ষা দেয়া এবং শিক্ষালাভের ক্ষেত্রটিকে শক্তিশালী করে শিক্ষার্থীদের সাফল্যের মান উন্নীত করার কর্মসূচি ও কৌশল উদ্ভাবনের জন্য ‘নিউ ভিশন্‌স’ বিভিন্ন সরকারি এবং বেসরকারি পক্ষের সাথে কাজ করে।

New Visions For Public Schools
320 West 13th Street • New York, NY 10014
টেলিফোন: 212-645-5110 • ফ্যাক্স: 212-645-7409
www.newvisions.org

NEW VISIONS
FOR PUBLIC SCHOOLS

NEW VISIONS
FOR PUBLIC SCHOOLS

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন | ব্রুকলীন পাবলিক লাইব্রেরী | দি নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরী | কুইন্স পাবলিক লাইব্রেরী

T&I-4715 (Bengali)